# সিভিউ পাবলিক স্কুল এন্ড কলেজ

## ২য় সেমিস্টার পরীক্ষা সাজেশন- ২০২৬

### শ্রেণী ঃ- ৪র্থ, বিষয় ঃ- বাংলা ১ম

**১। কবি ও কবিতার নামসহ কবিতা লিখ:-** ক) বৃষ্টির ছড়া খ) কাজলা দিদি

**২। শব্দার্থ লিখ:-**

লোহিত-লালবর্ণ, বিষাদগীতি-দু:খের গান, অক্ত-সময়, মগডাল-গাছের সবচেয়ে উঁচু ডাল। মন টানে- মুগ্ধ করে, কেয়া -ফুলের নাম, দেয়া-মেঘ, নিদর্শন-নমুনা, অন্তত-কমপক্ষে, মুদ্রা -ধাতুর তৈরি পয়সা, সভ্যতা-উন্নত জীবনযাত্রা, রোসো-অপেক্ষা করা, থমকে দাঁড়ানো -অবাক হয়ে দাঁড়িয়ে যাওয়া, শোলক-ছোটো ছড়া, মাড়ান- পা দিয়ে পিষে দেওয়া, জোনাই-জোনাকি পোকা।

**৩। বাক্য গঠন কর:-**

ভুঁইচাপা - ভুঁইচাপা গাছে মাঠ ছেয়ে গেছে।

শান্ত- শিয়ালনী তার ছানাদের শান্ত করল।

রাক্ষস- বাঘ শিয়ালকে রাক্ষস ভেবে ভয়ে পালাল।

ভয়ানক- রাক্ষসটি ভয়ানক চিৎকার শুরু করল।

সাড়া- ঘাস বনে সাড়া জাগল।

বাঁশ বন- বকের সারি বাঁশ বনে গিয়ে লুকাল।

রাখাল- মিথ্যাবাদী রাখালের শাস্তি হলো।

নেবু- মা নেবু দিয়ে আচার তৈরি করেছেন।

গর্ত- শিয়াল খুব খুশি হয়ে গর্তের ভিতর ঢুকল।

প্রাণ- সেই ঝপাং আর ভতাং শুনে বাঘের প্রাণ উড়ে গেল।

এক্ষুণি- নইলে এক্ষুণি আমাকে ধরে খেতো।

নদী- আমাদের গাঁয়ের পাশে একটি ছোট নদী রয়েছে।

কেয়া- বর্ষাকালে কেয়া ফোটে।

**৪। যুক্তবর্ণ ভেঙ্গে শব্দ গঠন কর:-**

জ্ঞ= ঞ+জ= জ্ঞানী, জ্ঞান। দ্ধ= দ+ধ= বৌদ্ধ, বদ্ধ। ন্দ- ন+দ= আনন্দ,সুন্দর। ন্দ্র= ন+দ+্র (র-ফলা)= কেন্দ্র,চন্দ্র।

ন্ত= ন+ত= প্রান্ত,অন্ত। হ্ন= হ+ণ= চিহ্ন, চিহ্নিত। ক্ষ= ক+ষ= ভিক্ষু, চক্ষু। ষ্ট= ষ+ট= বৃষ্টি,কষ্ট।

চ্ছ= চ+ছ= আচ্ছা,ইচ্ছা । ম্ব= ম+ব= প্রতিবিম্ব,লম্ব।

**৫। সঠিক উত্তরটি খাতায় লিখ:-**

ক. কোথায় জোনাকি জ্বলে? i)নেবুর তলে ii)বাঁশবাগানে iii)শিউলিতলে iv)তাল তলায়

খ. বুলবুলি কোথায় লুকিয়ে থাকে? i)শিউলির ডালে ii) ভুঁইচাঁপার ডালে iii)আমের ডালে iv) ডালিমের ডালে

গ. খুকির ঘুম আসে না কেন? i) নেবুর গন্ধে ii) ঝিঁঝির ডাকে iii)চাঁদের আলোতে iv)ফুলের গন্ধে

ঘ.শালবন বিহারে বৌদ্ধ ভিক্ষুদের থাকার জন্য কয়টি ঘর ছিল? i)১১৫টি ii)৫৫০টি iii)৬৫০টি iv)৫০০০টি

ঙ.আনন্দ বিহারের একেকটি প্রান্ত কতফুট লম্বা? i)৪৫০ ফুট ii)৫৫০ ফুট iii)৬৫০ ফুট iv)৭৫০ ফুট

চ.খুব সাবধানে কী খনন করতে হয়? i)পুরানো সভ্যতার নিদর্শন ii)পাকা রাস্তা iii)গভীর নলকূপ iv)পুরানো বাড়ি

ছ.আউশ ধানের মাঠ ছেড়ে মন কোথায় ছুটে যায়? i)মেঘের আধাঁরে ii)আমন ধানের দেশ পানে iii)বাঁশ বনে iv)হাটখোলা গ্রামে

জ.বৃষ্টির ছড়া' কবিতায় কোন ধানের নাম রয়েছে? i)আউশ ধান ii)আমন ধান iii)বোরো ধান iv)ক + খ উভয়ই

ঝ.বকের সারি কোথায় লুকাল? i)কাশ বনে ii)বাঁশ বনে iii)বনের আড়ালে iv)নদীতে

ঞ.'মেঘের আঁধার মন টানে' এর পরের পঙক্তি কোনটি? i)ডাকল দূরে দেয়া যে ii)গাঁয়ের নামটি হাটখোলা iii)যায় যে ছুটে কোন খানে iv)আমন ধানের দেশ পানে

উত্তর : ক)i (খ) iv (গ) i (ঘ)i (ঙ) iii (চ) i (ছ) ii (জ) iv ( ঝ) ii(ঞ) iii.

**৬। সংক্ষেপে প্রশ্নের উত্তর দাও:-**

ক) কাজলা দিদি কোথায় গেছে? উত্তর: কবি যতীন্দ্রমোহন বাগচী রচিত 'কাজলা দিদি' কবিতায় কাজলা দিদি চিরদিনের জন্য সবাইকে ছেড়ে চলে গেছে। অর্থাৎ কাজলা দিদি মারা গেছে।

খ) কখন কাজলা দিদির কথা বেশি মনে পড়ে? উত্তর: যখন বাঁশ বাগানের মাথার ওপর চাঁদ ওঠে, পুকুর ধারে লেবু গাছের নিচে জোনাকি জ্বলে, রাতে যখন ফুলের গন্ধে ঘুম আসে না তখনই কাজলা দিদির কথা বেশি মনে পড়ে।

গ) কোন দুটো শব্দ শুনে বাঘ ভয় পেয়ে গেল? উত্তর: শিয়ালের মুখে 'ঝপাং' আর 'ভতাং' শব্দ দুটো শুনে বাঘ ভয় পেয়ে গেল।

ঘ) শিয়ালনী গর্তে ছানাগুলোকে রাখতে ভয় পেল কেন? উত্তর: শিয়ালনী গর্তের চারধারে খালি বাঘের পায়ের দাগ দেখে শিয়ালনী বুঝতে পারল যে গর্তটি বাঘের।এজন্যই গর্তে ছানাগুলোকে রাখতে ভয় পেল।

ঙ) বিহার কী? উত্তর: যে স্থানে বৌদ্ধধর্মের ভিক্ষুগণ ধর্মচর্চা করেন এবং শিষ্যদের শিক্ষা দেন, সে স্থানকে বিহার বলা হয়।

চ) টেরাকোটা কাকে বলে? উত্তর: টেরাকোটা হলো পোড়ামাটির তৈরি শিল্পকর্ম। নকশা করা মাটির ফলক ইটের মতো পুড়িয়ে যে শিল্পকর্ম তৈরি হয় তাকে টেরাকোটা বলে।

ছ) রাখাল ছেলে মেঘ দেখে দাঁড়িয়ে যায় কেন?

উত্তর: রাখাল ছেলে মেঘ দেখে দাঁড়িয়ে যায় কারণ সে আকাশে বৃষ্টির মেঘ দেখে আত্মভোলা হয়ে পথ হারিয়ে ফেলে।

জ) বৃষ্টির সময়ে কী কী করতে ভালো লাগে? উত্তর : বৃষ্টির সময়ে জানালা দিয়ে তাকিয়ে বৃষ্টি দেখতে, বই পড়তে, সিনেমা দেখতে, খিচুড়ি খেতে ভালো লাগে। মাঝে মাঝে দলবেঁধে বৃষ্টিতে ভিজতে, ফুটবল খেলতেও ভালো লাগে।

ঝ) চিলের বাসায় কে কে থাকত? উত্তর: চিলের বাসায় থাকত বাবা-চিল, মা-চিল, আর তিনটি বাচ্চা।

ঞ)চিলের মা-বাবা কেন সবসময় বাসায় থাকত না?

উত্তর: খাবার আনতে বাইরে যেতে হত বলে চিলের মা-বাবা সবসময় বাসায় থাকত না।

**৭। শূন্যস্থান পূরণ কর:-**

ক) বিড়ালটি------- করে গাছ বেয়ে উঠে গেল। খ) ভয়ে সে ---------করে দিল দৌড়।

গ) বেশি লোভ করতে গিয়ে তার সুযোগ-------- হয়ে গেল। ঘ) মাটি কাটার সময়ে শ্রমিকদের কোদালে উঠে এলো------।

ঙ) --------এলাকায় কুমিল্লার ময়নামতি অবস্থিত। চ) প্রাচীন সভ্যতা সাধারণত---- চাপা পড়ে থাকে।

ছ) ময়নামতি এলাকার সবচেয়ে বড়ো বিহারে নাম--------। জ) বাঁশবাগানের মাথার উপর- -------উঠেছে ওই।

ঝ) কাজলা দিদি--------শোনাত। ঞ) - ------ভরে গেছে শিউলি গাছের তল।

উত্তর :- ক)তরতর, খ) পড়িমরি, গ)হাতছাড়া, ঘ)পুরানো ইট, (ঙ) লালমাই পাহাড়, (চ)মাটির, ( ছ) আনন্দ বিহার, জ) চাঁদ, (ঝ) শোলক, (ঞ)ভুঁইচাপাতে ।

**৮। বর্ণনামূলক প্রশ্নের উত্তর দাও:-**

ক) আমিও নাই দিদিও নাই -কেমন মজা হবে এ কথা দ্বারা কী বুঝানো হয়েছে? উত্তর :- ক্যাপটেন গাইডের ৭৩ পৃ ঙনং।

খ) 'বৃষ্টির ছড়া' কবিতার মূলভাব লিখ। উত্তর :- ক্যাপটেন গাইডের ৫৬ পৃ

গ) চিলের বাচ্চারা কেন দরজা খুলতে চাইল না? উত্তর :-ক্যাপটেন গাইডের ৪৫ পৃ ঙনং

ঘ) শালবন বিহারের বর্ননা দাও। উত্তর :ক্যাপটেন গাইডের ৫৮ পৃ খ নং

ঙ)ময়নামতি জাদুঘরে প্রাচীনকালের কী কী নির্দশন রাখা আছে? উত্তর :-ক্যাপটেন গাইডের ৫৮ পৃ গ নং

**৯। নিচের অনুচ্ছেদ পড়ে কে, কী, কোথায়, কীভাবে, কেন, কখন শব্দগুলোর যেকোনো পাঁচটি একবার ব্যবহার করে পাঁচটি প্রশ্নবোধক বাক্য তৈরি করো:**

হাজি মুহম্মদ মুহসিনের জন্ম ১৭৩২ সালে ভারতের হুগলিতে। পিতা হাজি ফয়জুল্লাহ, মাতা জয়নাব খানম। তাঁর পিতা ধনী ব্যক্তি ছিলেন। পিতার কাছ থেকে তিনি প্রচুর সম্পত্তি পান। বোন মনুজানের কাছ থেকেও সম্পত্তি লাভ করেন। তিনি এই সম্পদ মানুষের ও সমাজের কল্যাণে ব্যয় করেন। তিনি ছিলেন ধর্মপ্রাণ। খুব সাধারণ জীবনযাপন করতেন। দানশীলতার জন্য তিনি বিখ্যাত হন।

উত্তর: (ক) কে ধনী ব্যক্তি ছিলেন? (খ) হাজি মুহম্মদ মুহসিন কোথায় জন্মগ্রহণ করেন? (গ) হাজি মুহম্মদ মুহসিন কীভাবে ধনী ব্যক্তিতে পরিণত হলেন? (ঘ) হাজি মুহম্মদ মুহসিন কেন দানশীল বলে বিখ্যাত ছিলেন? (ঙ) হাজি মুহম্মদ মুহসিনের বাবার নাম কী ছিল?

**১০। ফরম পূরণ কর:-**

<u>বিদ্যালয়ে পাঠাগার তৈরিতে সদস্য ফরম:</u>

শিক্ষার্থীর নাম:

পিতার নাম:

মাতার নাম:

শ্রেণী:

রোল নম্বর:

জন্ম তারিখ:

ঠিকানা:

অভিভাবকের মোবাইল নম্বর:-

স্বাক্ষর ও তারিখ

# বিষয় ঃ- ড্রইং/ হ্যান্ড রাইটিং ও মেধা যাচাই

( হাতের লিখা সুন্দর হতে হবে )

**১। প্রশ্নের উত্তর দাও:-**

ক) চারুকলা কি? উত্তর :- মানুষের মনের সূক্ষ্ম অনুভূতি গুলোকে শিল্পীর চেতনাকে সচেতন করে তোলার মাধ্যমকেই চারুকলা।

খ) কারুকলা কি? উত্তর:- সৌন্দর্য উপভোগের সামগ্রী হল কারুকলা। এক কথায় কারুকলা হল নক্স ধর্মী।

গ) রংকে কয়ভাগে ভাগ করা হয় ও কী কী? উত্তর:-আমরা যে সমস্ত রং দেখি তাদেরকে দুই ভাগে ভাগ করতে পারি। ১. প্রাথমিক রং (মৌলিক রং), ২. মাধ্যমিক রং বা (যৌগিক রং)।

ঘ) মৌলিক রং কাকে বলে? উত্তর :-মৌলিক রং: লাল, নীল ও হলুদ এই তিনটি হলো মৌলিক রং। যেমন- লাল + নীল = বেগুনি, লাল + হলুদ = কমলা

ঙ) যৌগিক রং কাকে বলে? উত্তর:-যৌগিক রং: একটি রঙের সাথে আরেকটি রং মিশিয়ে যে রং তৈরি করা হয় সেটি হলো যৌগিক রং।

**২। রংছাড়া চিত্র আঁক-** টিয়া, জাতীয় স্মৃতিসৌধ, নৌকা, আঙ্গুল। **৩। রংসহ চিত্র আঁক :-** আম, শাপলা, প্রাকৃতিক দৃশ্য, কলাগাছ।

**হ্যাণ্ড রাইটিং** ১. তোমার নাম লিখ? ২. তুমি কোন শ্রেণীতে পড়? ৩. তোমার বয়স কত? ৪. তোমার সব বইয়ের নাম লিখ। ৫. তোমার স্কুলের নাম নাম লিখ। ৬. তোমার বাবা ও মায়ের নাম লিখ। ৭. রোমান সংখ্যা লিখ (XX - XL)

a) What is your name? b) What class do you read in? c) How old are you?

d) What is your school name

# বিষয় ঃ- বাংলা ২য়

**১। ব্যাকরণ লিখ:-**

ক) পদ কাকে বলে?কত প্রকার ও কী কী? উত্তর :-বাক্যে ব্যবহৃত ও অর্থযুক্ত প্রত্যক শব্দকে পদ বলে। বাংলা ভাষায় পদ পাঁচ প্রকার। যথা:-১।বিশেষ্য ২। বিশেষণ ৩।সর্বনাম ৪।অব্যয় ৫।ক্রিয়া

খ) ক্রিয়ার কাল কাকে বলে? কত প্রকার ও কী কী? উত্তর :-ক্রিয়া অর্থ কাজ। ক্রিয়া সম্পাদনের সময়কে কাজ বলে। যেমন:- মিলি যাচ্ছে, মিলি গিয়েছে, মিলি যাবে। ক্রিয়ার কাল তিন প্রকার:-১।বর্তমান কাল, ২।অতীত কাল, ৩।ভবিষ্যৎ কাল

গ) বচন কাকে বলে? কত প্রকার ও কী কী? উত্তর :-যেসব শব্দের সাহায্যে কোনো বস্তু তথা বিশেষ্য ও সর্বনাম পদের সংখ্যার ধারণাকে নির্দশিত করে, তাকে বচন বলে। বচন দু প্রকার:- ১। একবচন, ২।বহুবচন।

ঘ) সন্ধি কাকে বলে? কত প্রকার ও কী কী? উত্তর :-সন্ধি শব্দের অর্থ মিলন। পাশাপাশি দুটি বর্ণের মিলনকে সন্ধি বলে। বাংলা ভাষায় সন্ধি তিন প্রকার :- ১। স্বরসন্ধি, ২।ব্যঞ্জনসন্ধি, ৩।বিসর্গসন্ধি।

**২। বিপরীত শব্দ লিখ:**

সুন্দর-বিশ্রী, দৈর্ঘ্য-প্রস্থ, মুগ্ধ-বিরক্ত, ফাঁকা –ভর্তি, দয়ালু-নির্দয়,
অভাব-প্রাচুর্য, ক্লান্তি-উদ্যম, সুমদুর-কর্কশ, মুক্ত-আবদ্ধ, আশা –নিরাশা,

**৩। সমার্থক শব্দ লিখ:-**

| | | |
|---|---|---|
| আঁধার -- অন্ধকার, তমসা, তিমির। | গাঁ ---- গ্রাম, পল্লী, গাঁও। | বিষ্টি ---বৃষ্টি, বাদল, বরিষণ। |
| মন ---হৃদয়, অন্তর, মানস। | খেয়া -----নৌকা, নাও, ফেরি। | মাটি -----মেদিনী, মৃত্তিকা, ভূমি। |
| জিনিস ----- বস্তু, পদার্থ, দ্রব্য। | নিদর্শন ---নমুনা, চিহ্ন, উপকরণ। | মুদ্রা ----পয়সা, স্মারক, মূল্য। |
| রাজা -----অধিপতি, সম্রাট, নৃপতি। | নকশা ---কাঠামো, রেখাচিত্র, কারুকার্য। | প্রাণ ---পরাণ, জীবন, আত্মা। |

**৪। এক কথায় প্রকাশ:-**

| | | | |
|---|---|---|---|
| আকাশে গমন করে যে = | খেচর। | আমিষ আহার করে না যে = | নিরামিষাশী। |
| আল্লাহকে বিশ্বাস করে যে = | আস্তিক | আট মাস মাতৃগর্ভে থেকে যে ভূমিষ্ঠ হয় = | আটাশে। |
| আপনার রং বা বর্ণ লুকায় যে = | বর্ণচোরা। | আসমানের মতো রং যার = | আসমানি। |
| আয় অনুসারে যে ব্যয় করে = | মিতব্যয়ী। | আয় অনুসারে যে ব্যয় করে না = | অমিতব্যয়ী |
| অশ্বের ডাক = | হ্রেষা। | অতি শীতও নয়, অতি উষ্ণও নয় = | নাতিশীতোষ্ণ। |
| অগ্রে গমন করে যে = | অগ্রগামী। | অন্য গাছের উপর জন্মে যে গাছ = | পরগাছা। |
| অকালে জাত কুমড়া = | অকালকুষ্মাণ্ড। | | |

৫। চিঠি/দরখাস্ত:

(ক) বাংলাদেশের প্রাকৃতিক সৌন্দর্যের বর্ণনা দিয়ে বিদেশী বন্ধুকে পত্র। উত্তর :-ক্লাসে শিখানো হয়েছে।

(খ) বড় বোনের বিবাহ উপলক্ষে ৩ দিনের অগ্রিম ছুটি চেয়ে প্রধান শিক্ষকের নিকট দরখাস্ত লেখ। উত্তর :- ব্যাকরণ বইয়ের ১৪৬ পৃ ৩নং

**৬। রচনা:** ক) মাতা-পিতার প্রতি কর্তব্য, উত্তর :- ব্যাকরণ বইয়ের ১৯১ পৃ ৩২ নং

খ) আমার দেশ, উত্তর :-ক্লাসে শিখানো হয়েছে

গ) বৃক্ষরোপন অভিযান। উত্তর :-ব্যাকরণ বইয়ের ২০৮ পৃ ৫৫ নং

# Sub- Radiant Way

**1. Word meaning:-**

Mouth- মুখমণ্ডল, proud-গর্বিত, Loud-উচ্চস্বরে, Shout- চিৎকার করা, Mouse-ইঁদুর, Flour- ময়দা,
Bee- মৌমাছি, Chirp - কিচিরমিচির শব্দ করা, Bright-উজ্জ্বল, Clothes- কাপড়-চোপড়গুলো,
Lived- বাস করা। pail-বালতি, Rainbow-রংধনু, Worm- গরম, Wood-কাঠ, Wise- জ্ঞানী।

**2. Answer the following questions :**

a. What things are bright in this story? Ans:-The pools are bright in this story.
b. Which bird does sing? Ans:-The blackbird sings.
c. Who chirp? Ans:-The nestlings chirp.
d. How does the hay lie? Ans:-The hay lies thick and greenest.
e. Where is the way for Billy and me? Ans:-That's the way for Billy and me.
f) Who was Tom? Ans:-Tom was a tiny chimney sweep.
g) Where did Tom live? Ans:-Tom lived in a big town

**3. Make sentences with the following words :**

Where- Where are you going?
Bee- I saw a bee.
Chirp- Birds are chirping.
Bright- The pools are bright.
way- That is the way for Billy
Tiny- I saw a tiny bird.
Stone- It is a stone.

**4. Fill in the blanks with:** thick, way, flee, bright, hard, different, faster.

a. The hay lies ____and greenest.
b. That is the___ for billy.
c. The nestlings chirp and____.
d. The pools are__.
e) He toiled very___.
f) Railway trains were very___.
g) Trains go much ____now.

Ans:- a) thick b)way c) flee d) bright e) hard f) different g) faster.

**5. Re-arrange.**

a. bright, where, the, are, pools, and, beep? Ans:- Where the pools are bright and deep?
b. flee, chirp, and, nestlings, the, where. Ans:- Where the nestlings chirp and flee?
c. latest, the, sings, black-bird, the, where. Ans:- Where the black-birds sings the latest?
d. Where, mow, mowers,the, cleanest, the. Ans:- Where the mowers mow the cleanest?
e. There, home, word, bee, trace, the,to. Ans:- Where to trace the home ward bee?
f. Good, a, water, baby, was, Tom. Ans:- Tom was a good water-baby.
g. shed, a, in, slept, Tom, that, night. Ans:- That night, Tom slept in a shed.
h. in, a, bedroom, found, he, himself. Ans:- He found himself in a bed-room.

# Sub- English- 1$^{ST}$

*** Read the text and answer the questions no. 1, 2 and 3,4.**

Rina wanted to make a garden. She discussed with her father about gardening. They discussed how to use the land in front of their house. Rina was excited. She and her father used a spade to dig the land. They prepared the soil with cow dung. Rina wanted to make the garden colourful. Rina and her father bought different flower plants from a nearby nursery. They also bought some tubs and a watering pot. Then they planted the flower plants in the garden. Rina took care of the plants in her leisure time. She also watered the plants early in the morning. The green plants were growing up. Soon, the flowers were in full bloom. The colourful flowers and butterflies made her family happy. Rina's mother also wanted to grow vegetables in this garden. Rina was pleased to see her mother's interest. They collected some seeds to plant in their garden. Rina helped her mother to grow tomatoes, onions and beans. They picked the vegetables together from the garden. They enjoyed the fresh vegetables in their daily meals. Gardening became their favourite pastime.

**1. Choose the best answer, write them in your answer script.**

(a) What is the text about? (i) nursery (ii) gardening (iii) pastime. (iv) working

(b) Who dug the land? (i) Rina and her parents (ii) Rina's father and mother (iii) Rina and her father (iv) Rina's and her mother

(c) To dig the land they used---. (i) a hoe (ii) a fork (iii) a spade (iv) a shovel

(d) What did Rina look after in her leisure time? (i) plants (ii) trees (iii) vegetables (iv) seeds

(e) They planted some vegetable seeds in their? (i) field (ii) garden (iii) roof (iv) yard

(f) Taslima and Monir are Rina's ---. (i) cousins (ii) friends (iii) relatives (iv) neighbours

(g) They started -----. (i) playing (ii) laughing (iii) gardening (iv) running

(h) Taslima's garden was----. (i) big (ii) large (iii) small (iv) long

(i) What did she plant in her garden? (i) vegetable (ii) flower plants (iii) tomatoes (iv) beans

(j) Monir had a/an--. (i) flower garden (ii) vegetable garden (iii) herb garden (iv) water gården

Ans:-a)ii, (b)iii, ( c)iii, (d) i, (e)ii, (f) ii, (g) iii, (h) iii, (i) ii, (j)ii.

**2. Write the 'True' or false.**

a) Rina liked gardening. b) Her father helped her in gardening.

c) Rina's father wanted to grow vegetables. d) Rina helped her father to grow vegetables.

e) Butterflies made their garden more beautiful. f) Taslima is Rina's enemy.

g) Monir's garden was big. h) Taslima felt sad to see the flower plants.

i) Taslima and Monir got the idea of their garden from Rina. j)Taslima took care of her garden properly.

Ans:-a)True, b)True, c)False, d)False, e)True, f)false, g)True, h)false, i)True, j) true.

**3. Fill in the gaps.**

(a) Rina desired to make a --------. (b) She used----- to prepare soil.

(c) They bought flower plants from a ---------. (d) They also grow-------- in their garden.

(e) They ate ------ vegetables daily. (f) Taslima learnt about----- from Rina.

(g) She -----her garden regularly. (h) The flower plants----- quickly.

(i) The vegetable plants grew ------. (j)Some vegetable plants ------ away.

Ans:- (a) garden, (b) cow dog, (c)nursery, (d)vegetables, (e) fresh, (f) gardening, (g)watered, (h)bloomed, (i) slowly (j) faded.

**4. Answer the following question:-**

a) Who wanted to make a garden? Who did she/he talk to about gardening?

b) Who worked in making a flower garden? What did they use to prepare the soil?

c) Where did they buy different flower plants - from?

d) Where did they make the garden? What did they grow in their garden?

e) Write the names of four things needed for gardening.

f) When did Taslima and Monir start gardening?

g) Write two sentences about Taslima's garden.

h) Why did Monir feel sad?

Ans:- a) Rina wanted to make a garden. She talked about gardening to her father.

b) Rina and her father worked in making a flower garden. They used cow dung to prepare the soil.

c) They bought different flower plants from a nearby nursery.

d) They made the garden in front of their house. They grew flowers and vegetables in their garden.

e) The names of four things needed for gardening are spade, cow dung, tubs, and flower plants.

f) Rina told Taslima and Monir about how she enjoyed gardening. Then they started gardening.

g) Taslima had a flower garden. It was in front of her house.

h) Monir felt sad to see the vegetable plants dying.

**5. Write a short composition about your favourite hobby.**

**6. Match the Column A with their meanings in Column B.**

| Column A | Column B |
|---|---|
| a) plant | a) to talk about something. |
| b) Discuss | b) having bright colours. |
| c) prepare | c) a plant that is eaten. |
| d) Colourful | d) a small tree. |
| e) vegetable | e) to from something. |
| f) Soil | f) before the usual time. |
| g) Nearby | g) the upper layer of earth. |
| h) Early | h) to get pleasure from something. |
| i) Enjoy | i) near in position. |
| j) Daily | j) happening or done everyday. |

Ans:-(a+d), (b+a), (c+e), (d+b), (e+c), (f+ g), (g+i), (h+f), (i+h), (j+j ).

**7. Rewrite the sentences using capital letters and punctuation marks where necessary.**

rina helped her mother to grow tomatoes onions and beans they picked the vegetables together from the garden.

Or

he tried to take care of his garden but he watered the plants irregularly so the growth of vegetable plants was slow.

Ans:-Rina helped her mother to grow tomatoes, onions and beans. They picked the vegetables together from the garden.

Or Ans:-

He tried to take care of his garden. But, he watered the plants irregularly. So, the growth of vegetable plants was slow.

**8. Rearrange words in the correct order to make meaningful sentence.**

a) Raju/likes/school/to/visit. b) I/ from/am/Teknaf.

c) live/ you/do/ where? d) many/ children/ how? e) that/ want/ don't/ you?

Ans:- a) Raju likes to visit school. b) I am from Teknaf.

c) Where do you live? d) How many children. e) You don't want that.

Or,

a) are / where / from / you? b) hobby/gardening / my / is.

c) Separate/I/a/ have/room/reading. d) lives/he/chattogram/in. e) blind/the/man/is.

Ans: a) Where are you from? b) Gardening is my hobby.

c) I have a separte reading room. d) He lives in Chattogram. e) The man is blind.

**9. Write the WH question:-**

a) I live in Dhaka. b) My uncle is a fisherman.

c) Visited Chilmari in June. d) It was a very special trip. e) We also sang songs together.

Ans. a) Where do you live in? b) Who is a fisherman?

c) When did you visit Chilmari? d) How was the trip? e) What did we also sing together?

Or,

a) They are having fun. b) Mother hen is digging the soil.

c) My name is Shahid. d) Rina, Rubi, Maytun and Kamal are my friends at school.

e) I live in Jatrabari in Dhaka.

Ans. a) What are they doing? b) What is mother hen doing?

c) What is your name? d) Who are your friends at school? e) Where to you live in?

**10. Rewrite the text with the correct form of verb.**

Teacher has(a) (wish) ----students good morning. Students also(b) (respond) -----to their teacher. Then teacher has(c) (order)------ them to take their books out. she also (d)(ask)------them not to(e) (open)------ their books. They(f) (do)------so.

Ans:-a) wished b)have responded. c) ordered d)has asked e)open f) have do

Or,

Sabina got a wall clock on her birthday. Her uncle (a)(give)----- it to her. But she did (b)(know)---- how to tell the time. So, she(c) (take) ------it to her teacher at school. Sabina(d) (request) -----her teacher to teach her how to tell the time. Teacher(e) (agree)------ to her proposal. Then the teacher(f) (teach) ------her how to tell the time.

Ans:-a) gave, b) not know, c) took, d)requested, e) agreed, f)taught.

# Sub- English- 2nd

**1. Grammer:-**

a) What is noun? How many kinds of noun? Ans:- যে word দ্বারা কোনো ব্যক্তি,বস্তু,প্রাণী, স্থান, দোষ বা গুণের নাম বোঝায়, তাকে Noun বলে। যেমন:- pen, Dhaka, book etc. Noun পাঁচ প্রকার।

b) What is Gender? How many kinds of Gender?

Ans:-যে সকল Noun বা Pronoun দ্বারা স্ত্রী বা পুরুষ অথবা কোন অচেতন পদার্থ কিংবা স্ত্রী- পুরুষ উভয়কেই বুঝায়, তাদেরকে Gender বলে। Gender চার প্রকার।

c) What is Person? How many kinds of person?

Ans:- Sentence -এ Subject এর ভিন্ন ভিন্ন রূপকে person বলে। Person তিন প্রকার।

**2. Change the Gender:-** Mother - father, Girl- boy, Sister- Brother, Cow- Bull, Boar- Sow, Buck- Doe, Cock- Hen, Drake- Duck, Dog- Bitch, Fox- Vixen.

**3. Change the Number:-** Man- men, Mouse- mice, Toy-toys, City- cities, life-lives. Ox-oxen, Child--children. Foot-feet, Light-lights.

**4. Change the person:-** singular----plural

Me--Us. I--we. My--Our. He--they. Him-them.

His--their. That---Those. Your--your. You-you. This-These.

**5. Letter/Application:**

a) To your friend congratulating him on his briliant success. (b) To HM for morning school / Admission.

**6. Paragraph:-** (i) Myself (iv) My School

**7. Composition:-** (i) My Daily Life (ii) The Value of Time

# বিষয় ঃ- প্রাথমিক বিজ্ঞান

**১। সঠিক উত্তরটি খাতায় লিখ:-**

(ক) চাঁদের নিজস্ব আলো নেই, কারণ- i)এটি সূর্যের আলো শোষণ করে ii)এটি অন্ধকার বস্তু iii)এটি সূর্যের আলো প্রতিফলিত করে iv)এটি পৃথিবীর আলোতে জ্বলে

(খ) পূর্ণিমায় কী ঘটে? i) পৃথিবী থাকে সূর্য ও চাঁদের মাঝখানে ii) চাঁদ থাকে সূর্য ও পৃথিবীর মাঝখানে iii) পৃথিবী থাকে চাঁদ থেকে তুলনামূলক নিকট স্থানে iv) পৃথিবী থাকে সূর্য থেকে তুলনামূলক নিকট স্থানে

(গ) কৃত্রিম উপগ্রহ ব্যবহৃত হয়- i)সূর্য পর্যবেক্ষণে ii)যোগাযোগ ও আবহাওয়া পর্যবেক্ষণে iii)চাঁদের আলো বাড়াতে iv)মহাকাশে আলো ছড়াতে

ঘ) নিচের কোনটি নবায়নযোগ্য প্রাকৃতিক সম্পদ? i)সৌরশক্তি ii)ডিজেল iii)কয়লা iv)প্রাকৃতিক গ্যাস

ঙ) কী ব্যবহার করে বিদ্যুৎ উৎপাদন করলে প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ হবে? i)সৌরশক্তি ii)কয়লা iii)প্রাকৃতিক গ্যাস iv)পেট্রোলিয়াম

চ) প্রকৃতিতে পাওয়া যায় এমন সম্পদকে কী বলে? i)প্রাকৃতিক সম্পদ ii)মানবসৃষ্ট সম্পদ iii)বনজ সম্পদ iv)খনিজ সম্পদ

ছ) বায়ু দূষণের ফলে জীবের কী হয়? i)দ্রুত শ্বাস নিতে পারে ii)শ্বাস নিতে কষ্ট হয় iii)অসুস্থ হতে পারে iv)মৃত্যু ঘটায়

জ) নিচের কোনটির সাথে সাথে কোনো বস্তুর অবস্থান পরিবর্তিত হয়? i)বল ii)গতি iii)সময় iv) আয়তন

ঝ) কী প্রয়োগ করলে স্থির বস্তুকে গতিশীল করা যায়? i)বস্তু ii)বল iii)কোনোটিই নয় iv)গতি

ঞ) পতাকা উত্তোলনের ক্ষেত্রে কোথায় বল' প্রয়োগ করা হয়? i)পতাকা দন্ডে ii)রশিতে iii)রিং-এ iv) মাটিতে

ট) স্কুলের ঘন্টা বাজলে কোন শক্তি উৎপন্ন হয়? i)আলোক শক্তি ii)রাসায়নিক শক্তি iii)শব্দ শক্তি iv)স্থিতি শক্তি

ঠ) নিচের কোনটি বিদ্যুৎ উৎপাদনের উৎস নয়? i)তেল ii)সূর্যের আলো iii)চাঁদের আলো iv)বাতাস

ড) রাসায়নিক শক্তি কোথায় পাওয়া যায়? i)হর্ন ii)টর্চ লাইট iii)ব্যাটারি iv)সাইকেল

ঢ) নিচের কোনটি শক্তির দায়িত্বশীল ব্যবহার নয়? i)জানালার পর্দা সরিয়ে আলো ব্যবহার ii) রিচার্জেবল ব্যাটারি ব্যবহার iii) অপ্রয়োজনে গ্যাসের চুলা জ্বালিয়ে রাখা iv)ফ্রিজের দরজা দ্রুত বন্ধ করা

উত্তর:-ক)iii, (খ) i, (গ) ii, (ঘ) i, (ঙ)i, (চ) i, (ছ) ii, (জ)iii, (ঝ)ii, (ঞ) ii, (ট)iii, (ঠ) iii, (ড) iii, (ঢ) ii.

**২। শূন্যস্থান পূরণ কর:-**

ক) ------ শক্তি আমাদের শুনতে সাহায্য করে৷

খ) উঁচু স্থান থেকে লাফ দিলে ------শক্তি তৈরি হয়৷

গ) গরম পানির ফ্লাস্ক ব্যবহারে -------শক্তির অপচয় কমে৷

ঘ) চাপের সাহায্যে বল প্রয়োগে বস্তুর --------পরিবর্তন হয়৷

ঙ) ------- প্রয়োগের ফলে গতির পরিবর্তন হয়৷

চ) বল প্রয়োগের মাধ্যমে গাড়ির -------নিয়ন্ত্রণ করা যায়৷

ছ) প্রকৃতিতে পাওয়া যায় এমন যা কিছু মানুষের কাজে লাগে তাই--------।

জ) অনবায়নযোগ্য প্রাকৃতিক সম্পদ একবার ব্যবহার করলে -----হয়ে যায়৷

ঝ) প্রাকৃতিক সম্পদের যথাযথ ব্যবহার ভবিষ্যৎ-------- জন্য প্রাকৃতিক সম্পদ প্রাপ্তি নিশ্চিত করে৷

ঞ) মানুষের কর্মকাণ্ডের ফলে পরিবেশের --------দূষিত হয়৷

ট) আমরা শক্তির ব্যবহার কমিয়ে প্রাকৃতিক সম্পদ------- করতে পারি৷

ঠ) --------গ্রহকে সন্ধ্যাতারা ও শুকতারা বলা হয়৷

ড) সৌরজগতের কেন্দ্রে রয়েছে--------।

ঢ) চন্দ্র মাসে চাঁদ-------দিনে তার পুরানো অবস্থানে ফিরে আসে৷

উত্তর: (ক) শব্দ; (খ) স্থিতি; (গ) তাপ, (ঘ) আকার, (ঙ)বল, (চ)গতি, (ছ) প্রাকৃতিক সম্পদ, (জ)নি:শেষ, (ঝ)প্রজন্মের, (ঞ)উপাদানগুলো, (ট)সংরক্ষণ, (ঠ)শুক্র, (ড) সূর্য, (ঢ)২৯.৫ দিনে৷

**৩। সংক্ষেপে প্রশ্নের উত্তর দাও:-**

ক) সৌরজগতের কয়টি গ্রহ রয়েছে? কী কী?

উত্তর : সৌরজগতে আটটি গ্রহ রয়েছে৷ যথা- বুধ, শুক্র, পৃথিবী, মঙ্গল, বৃহস্পতি, শনি, ইউরেনাস এবং নেপচুন৷

খ) পৃথিবীর উপযোগী পরিবেশ কী কী কারণে তৈরি হয়েছে?

উত্তর: পৃথিবীর উপযোগী পরিবেশ যেসব কারণে তৈরি হয়েছে তা হলো- (i) পৃথিবীর বায়ুমণ্ডলে শ্বাস নেয়ার জন্য অক্সিজেন রয়েছে৷
(ii) পৃথিবীতে পর্যাপ্ত পানি আছে, যা জীবদের বসবাসের জন্য উপযোগী৷
(iii) জীবনধারণের জন্য উপযুক্ত তাপমাত্রা রয়েছে৷

গ) চাঁদ কীভাবে আলোকিত হয়? উত্তর: চাঁদের নিজস্ব কোনো আলো নেই। চাঁদ সূর্যের আলো প্রতিফলিত করে আলোকিত হয়।

ঘ) প্রাকৃতিক সম্পদ কাকে বলে? উত্তর: প্রকৃতি থেকে যেসব সম্পদ পাওয়া যায় যা মানুষের কাজে লাগে সেগুলোকে প্রাকৃতিক সম্পদ বলে। যেমন- খনিজ তেল, খনিজ কয়লা,প্রাকৃতিক গ্যাস ইত্যাদি।

ঙ) বনজ সম্পদ কীভাবে পরিবেশকে বাসযোগ্য করে তোলে? উত্তর: বনজ সম্পদ পরিবেশের ভারসাম্য রক্ষা করে পরিবেশকে বাসযোগ্য করে তোলে। উদ্ভিদ খাদ্য, ওষুধ, কাঠ এবং আশ্রয় প্রদান করে। গাছপালা সালোকসংশ্লেষণ প্রক্রিয়ায় অক্সিজেন ত্যাগ করে। যা জীবের শ্বাস-প্রশ্বাসের জন্য অপরিহার্য।

চ) বল ও গতি কাকে বলে? উত্তর: বল: যার প্রভাবে কোনো পদার্থের অবস্থা, আকৃতি ও গতির পরিবর্তন ঘটে তাকে বল বলে।
গতি : সময়ের সাথে কোনো বস্তুর অবস্থানের পরিবর্তনের হারকে গতি বলে।

ছ) বল ও গতির মধ্যে পার্থক্য কী? উত্তর: বল হল একটি বাহ্যিক কারণ যা বস্তুর গতির অবস্থার পরিবর্তন করে বা করার চেষ্টা করে, যেখানে গতি হল সময়ের সাথে বস্তুর অবস্থানের পরিবর্তন।

জ) রাসায়নিক শক্তি কী? উত্তর: খাদ্যে বা জ্বালানিতে (কাঠ, গ্যাস, কয়লা, তেল ইত্যাদি) যে শক্তি জমা থাকে তাই রাসায়নিক শক্তি।

ঝ) বিদ্যুৎশক্তির বিভিন্ন উৎসের নামগুলো কী কী? উত্তর: বিদ্যুৎ শক্তির বিভিন্ন উৎসের নাম হলো-
(i) জীবাশ্ম জ্বালানি (যেমন- তেল, কয়লা এবং প্রাকৃতিক গ্যাস)।
(ii) নবায়নযোগ্য উৎস (যেমন- বায়ু, সৌর, ভূ-তাপীয় এবং জলবিদ্যুৎ)।
(iii) পারমাণবিক শক্তি।

**৪। বামপাশের সাথে ডানপাশ মিল কর:-**

| বামপাশ | ডানপাশ |
|---|---|
| (ক) পৃথিবীর একমাত্র উপগ্রহ | ক) বৃহস্পতি |
| (খ) সৌরজগতের কেন্দ্রে রয়েছে | খ) চাঁদ |
| (গ) লাল গ্রহ বলা হয় | গ) শুক্রকে |
| (ঘ) সবচেয়ে বড়ো গ্রহ হলো | ঘ) সূর্য |
| (ঙ) শুকতারা ও সন্ধ্যা তারা বলা হয় | ঙ) মঙ্গলকে |
| চ) পানি সম্পদ | চ) গাছপালা |
| (ছ) বনজ সম্পদ | ছ) সোনা |
| (জ) ভূমি সম্পদ | জ) সূর্যের আলো |
| (ঝ) খনিজ সম্পদ | ঝ)পানি |
| (ঞ) প্রাকৃতিক সম্পদ | (ঞ) মাটি |

উত্তর :-(ক+ খ), (খ+ঘ), (গ+ঙ), (ঘ+ক), (ঙ+গ), (চ+ছ), (ছ+চ), (জ+ঞ), (ঝ+ছ), (ঞ+জ)।

**৫। বর্ণনামূলক প্রশ্নের উত্তর দাও:-**

ক) অমাবস্যা ও পূর্ণিমার সময় সূর্য, পৃথিবী ও চাঁদের অবস্থান ব্যাখ্যা কর। উত্তর :-ক্যাপটেন গা:২৮৯ পৃ ক নং

খ) বাংলাদেশে কী কী প্রাকৃতিক সম্পদ রয়েছে? একটি তালিকা তৈরি কর। উত্তর :ক্যাপটেন গা :২৭৬ পৃ কনং

গ) বন ধ্বংস হলে পরিবেশের কী ক্ষতি হয়? ব্যাখ্যা করো। উত্তর :-ক্যাপটেন গা: ২৭৬ পৃ খনং

ঘ) আমাদের দৈনন্দিন জীবনে গতি পরিবর্তনে বলের প্রভাব বর্ণনা করি। উত্তর :-ক্যাপটেন গা:২৬৯ পৃ কনং

ঙ) গতিশক্তি ও স্থিতিশক্তি বলতে কী বুঝ? উদাহরণসহ ব্যাখ্যা করি। উত্তর :-ক্যাপটেন গা: ২৫৮ পৃ কনং

চ) দৈনন্দিন জীবনে শক্তির দায়িত্বশীল ব্যবহার করতে কী কী করা উচিত? উত্তর :-ক্যাপটেন গা: ২৫৯ পৃ খনং

ছ) গ্রহ কাকে বলে?পৃথিবীর নিকটতম দুটি গ্রহের নাম লেখ। গ্রহের তিনটি বৈশিষ্ট্য লেখ। উত্তর :-ক্যাপটেন গা: ২৮৯ পৃ ৭নং

# বিষয় ঃ- বাংলাদেশ ও বিশ্ব পরিচয়

**১। সঠিক উত্তরটি খাতায় লিখ:-**

ক) স্বাধীনতার পূর্বে বাংলাদেশের নাম কী ছিল? i)পূর্ববঙ্গ ii)পশ্চিমবঙ্গ iii)পূর্ব পাকিস্তান iv)পশ্চিম পাকিস্তান

খ) পূর্ব পাকিস্তানে শিক্ষা খাতে ব্যয় করা হতো পশ্চিম পাকিস্তানের- i)সমান ii)অর্ধেক iii)কম iv)বেশি

গ) পূর্ব পাকিস্তানের 'নিজস্ব মুদ্রা' দাবি নিচের কোনটির সাথে সম্পর্কযুক্ত? i)ভাষা আন্দোলন ii)প্রাদেশিক নির্বাচন iii)উনসত্তরের গণঅভ্যুত্থান iv)ছয় দফা

ঘ) পশ্চিম এশিয়ার অধিকাংশ মানুষ কোন ভাষায় কথা বলে? i)উর্দু ii)জাপানি iii)রাশিয়ান iv)আরবি

ঙ) সারং এশিয়ার কোন অঞ্চলের ঐতিহ্যবাহী পোশাক? i)দক্ষিণ ii)পূর্ব iii)দক্ষিণ-পূর্ব iv)মধ্য

চ) হিন্দুকুশ পর্বতমালা কোথায় অবস্থিত? i)উজবেকিস্তান ii)আফগানিস্তান iii)নেপাল iv)ভুটান

ছ) সুন্দরবন কী ধরনের বনভূমি? i)পাইন ii)ম্যানগ্রোভ iii)চিরহরিৎ iv)পত্রঝরা

জ) বৈশাখ মাসের প্রথম দিন কোনটি উদযাপিত হয়? i)নবান্ন উৎসব ii)বসন্ত উৎসব iii)পৌষ মেলা iv)বাংলা নববর্ষ

ঝ) নবান্ন উৎসব কোন মাসে উদ্যাপিত হয়? i)বৈশাখ ii)পৌষ iii)অগ্রহায়ণ iv)ফাল্গুন

ঞ) কখন পৌষ মেলা উদযাপিত হয়? i)বর্ষাকালে ii)বসন্তকালে iii)হেমন্তকালে iv)শীতকালে

ট) কত বছর বয়স থেকে ভোট প্রদান করা যাবে? i)১৭ বছর ii)১৮ বছর iii)১৯ বছর iv)২০ বছর

ঠ) নিচের কোনটি সামাজিক অধিকার? i)ভোটদান করা ii)শিক্ষালাভ করা iii)সম্পত্তি ভোগ করা iv)মত প্রকাশ করা

ড) একজন শ্রমিক তার শ্রমের বিনিময়ে ন্যায্য মজুরি পেলেন। এটি তার---। i) অর্থনৈতিক অধিকার ii)চিকিৎসার অধিকার iii)রাজনৈতিক অধিকার iv)ভোটের অধিকার

ঢ) কেউ যখন মত প্রকাশ করেন তখন আমাদের কী করা উচিত? i)কথা বলা ii)জোরে আওয়াজ করা iii)ধৈর্য সহকারে শোনা iv)নিজের খুশিমতো কাজ করা

উত্তর :-ক)iii, (খ)ii, (গ) iv, (ঘ)iv, (ঙ)iii, (চ) ii, (ছ) ii, (জ) iv, (ঝ) iii, (ঞ) iv, (ট) ii, (ঠ) ii, (ড) i, (ঢ)iii.

**২। সঠিক শব্দ দিয়ে শূন্যস্থান পূরণ করো:**

ক) মাতৃভাষায় কথা বলা নাগরিকের -----অধিকার।

খ) সকল নাগরিকের ----- আয় করার অধিকার আছে।

গ) যেকোনো উৎসব অনুষ্ঠানে একে অপরকে---- করব।

ঘ) সততা ও স্বচ্ছতা মানুষের---- গুণ।

ঙ) নিজ দায়িত্ব ------পালন করব।

চ) অন্যের মতামতকে ------দেবো।

ছ) বাংলাদেশের অধিকাংশ অঞ্চলের ভূমিরূপ------।

জ) বাংলাদেশ-----একটি বৃহত্তম ব-দ্বীপ।

ঝ)বাংলাদেশের দক্ষিণে রয়েছে-------।

ঞ) পাহাড়ের গহিনে লুকিয়ে আছে অসংখ্য----- ও জলপ্রপাত।

ট) -------- গৃহস্থালি ও কৃষিকাজের পানির উৎস।

ঠ) পাকিস্তানের অধিকাংশ মানুষের ভাষা ছিল-----।

ড) ছয় দফার মাধ্যমে পূর্ব পাকিস্তানের পূর্ণ ----- দাবি করা হয়।

ঢ) উনসত্তরের গণ-অভ্যুত্থান পূর্ব পাকিস্তানের জনগণকে------ করে।

ণ) হালখাতার দিন------ দিয়ে আপ্যায়ন করা হয়।

উত্তর: ক)সামাজিক, ( খ) বৈধ,(গ) সহযোগিতা(ঘ)নৈতিক (ঙ)সঠিকভাবে (চ) গুরুত্ব(ছ) সমতল(জ) পৃথিবীর(ঝ) বঙ্গোপসাগর (ঞ) ঝরনা(ট) নদ-নদী(ঠ) বাংলা(ড)স্বায়ত্তশাসন (ঢ) ঐক্যবদ্ধ (ণ)মিষ্টি।

**৩। বামপাশের সাথে ডানপাশ মিল কর:-**

| বামপাশ | ডানপাশ |
|---|---|
| ক) আরব মরুভূমি | ক)দক্ষিণ এশিয়া |
| খ) সুন্দরবন | খ)পূর্ব এশিয়া |
| গ) বোর্নিও রেইন ফরেস্ট | গ)পশ্চিম এশিয়া |
| ঘ) ইয়াং সিকিয়াং | ঘ)দক্ষিণ-পূর্ব এশিয়া |
| ঙ) পহেলা বৈশাখ | ঙ)সাকরাইন |
| চ) নবান্ন উৎসব | চ)হালখাতা |
| ছ) বসন্ত উৎসব | ছ)কৃষকের আনন্দ |
| জ) পৌষ মেলা | জ)বাসন্তী রঙের পোশাক |

উত্তর :-(ক+গ), (খ+ক), (গ+ঘ), (ঘ+খ), (ঙ+চ), (চ+ছ), (ছ+জ), (জ+ঙ).

**৪। সংক্ষেপে প্রশ্নের উত্তর :**

ক) ১৯৫২ সালের ভাষা আন্দোলনে কারা শহিদ হয়েছিল? উত্তর : ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি রাষ্ট্রভাষা বাংলার দাবিতে সালাম, জব্বার, বরকত, শফিউরসহ অনেকেই পুলিশের গুলিতে শহিদ হন। ভাষার জন্য যারা শহিদ হয়েছিলেন তাদের ভাষাশহিদ বলে।

খ) ১৯৫৪ সালে কাদের নেতৃত্বে 'যুক্তফ্রন্ট' গঠিত হয়েছিল? উত্তর : ১৯৫৪ সালে প্রাদেশিক পরিষদ নির্বাচন উপলক্ষ্যে শেরে বাংলা এ.কে. ফজলুল হক, মওলানা আব্দুল হামিদ খান ভাসানী এবং হোসেন শহীদ সোহরাওয়ার্দীর নেতৃত্বে যুক্তফ্রন্ট গঠিত হয়েছিল।

গ) বৈশাখী মেলায় পাওয়া যায় এমন তিনটি জিনিসের নাম লেখো। উত্তর: বৈশাখী মেলায় পাওয়া যায় এমন তিনটি জিনিসের নাম হলো- (i) বাঁশ ও বেতের তৈরি খেলনা; (ii) গৃহস্থালি সামগ্রী; (iii) ঐতিহ্যবাহী খাবার।

ঘ) হালখাতা বলতে কী বোঝায়? উত্তর: হালখাতা হলো ব্যবসায়ীদের নতুন হিসাবের খাতা খোলার অনুষ্ঠান। এ অনুষ্ঠানে ক্রেতারা বিদায়ী বছরের পাওনা পরিশোধ করে থাকে। ব্যবসায়ীরা ক্রেতাদের মিষ্টি দিয়ে আপ্যায়ন করেন।

ঙ) বসন্ত উৎসবে আমরা কোন ধরনের পোশাক পরি? উত্তর : বসন্ত উৎসব উপলক্ষ্যে মেয়েরা সাজগোজ করে, বাসন্তী রঙের শাড়ি পরে। মেয়েরা তাদের খোঁপায় গোঁজে নানা রঙের ফুল, পাশাপাশি ছেলেরাও পরে রঙিন পাঞ্জাবি বা ফতুয়া।

চ) এশিয়ার ভৌগোলিক ভিন্নতার তিনটি, উপাদানের নাম লেখো। উত্তর: এশিয়ার ভৌগোলিক ভিন্নতার তিনটি উপাদান হলো- (i) পর্বত; (ii) নদ-নদী; (iii) মরুভূমি।

ছ) ইয়াং সিকিয়াং বিখ্যাত কেন? উত্তর : ইয়াংসিকিয়াং এশিয়ার বৃহত্তম ও দীর্ঘতম নদী, যা পূর্ব এশিয়ার চীনে অবস্থিত।

জ) অর্থনৈতিক অধিকার বলতে কী বোঝায়? উত্তর: অর্থনৈতিক অধিকার বলতে বোঝায় জীবিকা নির্বাহের জন্য কিংবা আর্থিক স্বচ্ছলতা লাভের জন্য নাগরিকরা রাষ্ট্রের নিকট থেকে যে অধিকার ভোগ করে।

ঝ) তিনটি সামাজিক অধিকারের নাম লেখো। উত্তর: তিনটি সামাজিক অধিকারের নাম হলো- (i) শিক্ষালাভের অধিকার।
(ii) প্রত্যেক নাগরিকের দেশের ভিতরে স্বাধীনভাবে চলাফেরা করার অধিকার।
(iii) মাতৃভাষায় কথা বলা, নিজ সংস্কৃতি চর্চা ও উৎসব পালন করার অধিকার।

ঞ) সততার দুটি বৈশিষ্ট্য লেখো। উত্তর: সততার দুটি বৈশিষ্ট্য হলো-
(i) সবসময় সত্য কথা বলা। (ii) না বলে অন্যের জিনিস না নেওয়া।

ট) স্বচ্ছতার দুটি উদাহরণ দাও। উত্তর: স্বচ্ছতার দুটি উদাহরণ হলো-
(i) সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠানে অর্থ ব্যয়ের উদ্দেশ্য ও হিসাব সকলের কাছে উপস্থাপন করা।
(ii) নিজের ভুল ও দুর্বলতা গোপন না রেখে স্বীকার করা।

ঠ) বাংলাদেশের প্রধান তিনটি নদ-নদীর নাম লেখো।
উত্তর : বাংলাদেশ নদীমাতৃক দেশ। অসংখ্য ছোট-বড়ো নদী এদেশের আনাচকানাচে ছড়িয়ে আছে। বাংলাদেশের প্রধান তিনটি নদ-নদীর নাম হলো- ব্রহ্মপুত্র, পদ্মা, মেঘনা।

ড) বাংলাদেশের সোপান ভূমিতে সাধারণত কোন ধরনের বৃক্ষ জন্মে?
উত্তর: বাংলাদেশের সোপান ভূমিতে সাধারণত শাল, কড়ই, ও বহেড়াসহ বিচিত্র বৃক্ষ জন্মে।

**৫। বর্ণনামূলক প্রশ্নের উত্তর দাও:-**

ক) ১৯৫২ সালের ভাষা আন্দোলন কেন গুরুত্বপূর্ণ? উত্তর :- ক্যাপটেন গা:৪০ পৃ বড় প্র: ১নং
খ) নববর্ষের দিন তোমাদের বিদ্যালয়ে কী কী করো তা লেখো। উত্তর :-ক্যাপটেন গা: ৫০ পৃ
গ) বাংলাদেশের এশিয়ার যে অঞ্চলে অবস্থিত তার সাংস্কৃতিক বৈচিত্র্য বর্ণনা কর। উত্তর :-ক্যাপটেন গা:-৬০ পৃ ১নং
ঘ) কীভাবে সমাজ গড়ে ওঠে তা ব্যাখ্যা কর। উত্তর:-ক্যাপটেন গা: ৭০ পৃ ১নং
ঙ) সততা ও স্বচ্ছতার গুরুত্ব বর্ণনা কর। উত্তর :- ক্যাপটেন গা ৮০ পৃ বড় প্র: ১নং
চ) কীভাবে বাড়ি ও বিদ্যালয়ে সততা ও স্বচ্ছতার অনুশীলন করব তা লেখো। উত্তর :- ক্যাপটেন গা: ৮১ পৃ ২নং
ছ) আমাদের জীবনে নদ-নদীর প্রভাব সম্পর্কে লেখো। উত্তর :- ক্যাপটেন গা: ৮৯ পৃ ১নং
জ) নদীদূষণ রোধে আমাদের করণীয় বর্ণনা কর। উত্তর :-ক্যাপটেন গা: ৮৯ পৃ ২নং
ঝ) বাংলাদেশের ভূমিরূপকে কয়ভাগে ভাগ করা হয়েছে? পাহাড়ি ভূমির বর্ণনা দাও। উত্তর :-ক্যাপটেন গা:৯৮ পৃ ১নং।

# বিষয়:-কম্পিউটার

**১. সঠিক উত্তর খাতায় লিখ:**

ক. কম্পিউটার হার্ডওয়্যারকে কয় ভাগে বিভক্ত? (i) ৩ ভাগে (ii) ২ ভাগে iii)৪ ভাগে iv)৬ভাগে

খ. একাখউন্টিং সফটওয়্যার কিসের উদাহরণ? ( i) লিনাক্স ii) এপ্লিকেশন iii)সফটওয়্যার iv)ব্যাকস্পেস

গ. কিসের সাহায্যে যেকোনো লেখা, ছবি ইনপুট করা যায়? (i) সিডি রম (ii) জয়স্টিক iii)স্ক্যানার iv) মাউস

ঘ. কিসে বিভিন্ন প্রোগ্রাম ও তথ্য জমা থাকে? (i) স্ক্যানারের (ii) হার্ডডিস্ক (iii) র‌্যাম (iv) প্রসেসর

ঙ. মেমোরিকে প্রধানত কয়ভাগে ভাগ করা হয়? (i) ২ ভাগে (ii) ৩ ভাগে (iii) ৪ ভাগে (iv) ৫ ভাগে

চ. প্লটার অনেকটা কিসের মতো কাজ করে? (i) আলোর মতো (ii) ছায়ার মতো iii)প্রিন্টারের মতো iv) নকশার মতো

ছ. সিপিইউ-এর ভিতরে কয়টি অংশ থাকে? (i) ২টি (ii) ৩টি iii) ৪টি iv)৫টি

জ. বিদ্যুৎ প্রবাহ বন্ধ হওয়ার সাথে সাথে র‌্যামের সংরক্ষিত ডাটা কী হয়? (i) চলমান থাকে (ii) থেমে থাকে (iii) মুছে যায় iv) কিছুই হয় না

ঝ. ডিভিডি ডিস্কের সিডি ডিস্কের চেয়ে কীরূপ ডাটা থাকে? (i) সমান (ii) কম (iii) বহুগুণ বেশি iv) বহুগুণ কম

ঞ. বেনজামিন ব্রাউন কত সালে প্রথম ফ্লপি ডিস্ক তৈরি করেন? (i) ১৮৮১ সালে (ii) ১৮১৮ সালে (iii) ১৯৮১ সালে iv) ১৯১৮

উত্তরমালা: ক.) ii (খ).ii (গ).i (ঘ) ii (ঙ) i (চ) iii ছ)ii. জ)iii ঝ)iv ঞ)iii.

**২। সত্য/ মিথ্যা নির্ণয় কর:**

ক. কম্পিউটারে সফটওয়্যার দৃশ্যমান। খ. কম্পিউটারের সফটওয়্যারকে সিস্টেম বলে।

গ. মাইক্রোসফট উইন্ডোজ সফটওয়্যারের অন্যতম উদাহরণ। ঘ. কম্পিউটার শব্দটির উৎপত্তি ইংরেজি থেকে।

ঙ. ভিডিও কার্ড সিপিইউ-এর একটি অংশ। চ. সিডি রম এক প্রকার আউটপুট ডিভাইস।

ছ. মাউস প্যাডের উপর রেখে নড়াচড়া করলে মনিটরে পর্দায় কার্সর নড়াচড়া করতে দেখা যায়।

জ. মনিটর একটি অতি প্রয়োজনীয় আউটপুট ডিভাইস। ঝ. নিয়ন্ত্রণ ইউনিট কম্পিউটারের শুধু একটি কাজ নিয়ন্ত্রণ করে।

ঞ. র‌্যাম এর পূর্ণ নাম Rapid Access Memory.

উত্তর :-ক) মিথ্যা (খ)সত্য গ) সত্য ঘ) মিথ্যা ঙ)মিথ্যা (চ) সত্য ছ) মিথ্যা (জ) সত্য (ঝ) মিথ্যা (ঞ) মিত্য।

**৩. শূন্যস্থান পূরণ কর:**

ক. এন্টার কী চেপে নতুন লাইন বা ------তৈরি করা যায়। খ. কম্পিউটারে নির্দেশ প্রদান করাকে ------বলে।

গ. মাউসের রাইট বাটনে-------করাকে রাইট ক্লিক বলে। ঘ. মাল্টিমিডিয়া প্রজেক্টর হচ্ছে-------ডিভাইস।

ঙ.লেজার প্রিন্টারে প্রিন্ট হয় লেজার------ সাহায্যে। চ. র‌্যামে ইনপুট করা তথ্য------ জমা থাকে।

ছ. যন্ত্রপাতি লাগানোর জন্য-----ব্যবহার করা হয়। জ. মনিটরে কাজগুলো দৃশ্যমান করার জন্য------ব্যবহার করা হয়।

ঝ. ফ্লপিডিস্ক ব্যবহার করতে------ব্যবহার করা হয়। ঞ. সফটওয়্যারকে------ভাগে ভাগ করা যায়।

উত্তর :-ক) প্যারা খ)ইনপুট গ)ক্লিক ঘ)আউটপুট ঙ)রশ্মির চ)অস্থায়ীভাবে ছ)মাদারবোর্ড জ) এজিপি কার্ড ঝ) ফ্লপি ড্রাইভ ঞ)দুই।

**৪। প্রশ্নের উত্তর দাও:-**

ক. সিডিইউ-এর পাঁচটি অংশের নাম বলো। উত্তর :- উত্তর :সিপিউর এর পাঁচটি অংশের নাম হল:- ১।মাদারবোর্ড ২।সিডি ড্রাইভ। ৩।ফ্লপি ডিস্ক ৪।প্রসেসর ৫।সাউন্ড কার্ড।

খ. ওয়ালপেপার কাকে বলে? উত্তর :- ডেস্কটপের ছবির মতো যে ব্যাকগ্রাউন্ড দেখা যায় তাকে ওয়ারপেপার বলে।

গ. ডেক্সটপ কাকে বলে? উত্তর:-কম্পিউটার উইন্ডোজ ওপেন করার পর যে স্কিন আসে তাকে ডেক্সটপ বলে।

ঘ. কম্পিউটারের অংশগুলো কী কী এর পাঁচটি নাম লেখ। উত্তর:-কম্পিউটারের ৫ টি অংশের নাম হলো:- ১।মনিটর ২। প্রিন্টার ৩।মাউস ৪।মাদারবোর্ড ৫।কী - বোর্ড।

ঙ. কী-বোর্ডে যেসব কী আছে তার মধ্যে পাঁচটি নাম লেখ। উত্তর :-কী-বোর্ডে যেসব কী আছে তার মধ্যে ৫টি কী এর নাম হল:- ১।নাম্বার কী,২।অ্যারো কী ৩।স্পেসবার কী। ৪।ডিলিট কী ৫।এন্টার কী।

চ. কম্পিউটার হার্ডওয়্যারকে কয় ভাগে ভাগ করা যায় ও কী কী? উত্তর:-কম্পিউটার হার্ডওয়্যারকে তিনভাগে ভাগ করা হয়:-যথা:- ১।ইনপুট ডিভাইস ২।আউটপুট ডিভাইস ৩।প্রসেসিং ডিভাইস।

ছ. হার্ডডিস্ক কী? উত্তর :- হার্ডডিস্ক হল কম্পিউটারের সহায়ক স্মৃতিগুলোর মধ্যে অন্যতম।

জ. হার্ডওয়্যার কী? উত্তর :-কম্পিউটারের যে যন্ত্রণাংশগুলো দেখা বা ছোঁয়া যায় তাদেরকে হার্ডওয়্যার বলে।

ঝ. প্রসেসিং ডিভাইজ কী? উত্তর :-ইনপুটকৃত তথ্য নির্দেশনা অনুযায়ী কাজ করাকে প্রসেসিং বলে।যেসব যন্ত্র বা ডিভাইসসমূহ প্রসেসিং এ সহায়তা করে তাদেরকে প্রসেসিং ডিভাইস বলে।

# বিষয় ঃ- গণিত

**১। সংক্ষেপে প্রশ্নের উত্তর দাও:-**

ক) সংখ্যা প্রতীক কয়টি ও কী কী? উত্তর : সংখ্যা প্রতীক দশটি। যথা:- ০,১, ২, ৩,৪,৫, ৬,৭,৮,৯ ।

খ) '÷'কোন ধরনের প্রতীক? উত্তর: প্রক্রিয়া প্রতীক।

গ) প্রক্রিয়া প্রতীক কয়টি ও কী কী? উত্তর : প্রক্রিয়া প্রতীক ৪টি। যথা: +, -, ×, ÷

ঘ) সম্পর্ক প্রতীক কয়টি ও কী কী? উত্তর : ছয়টি। যথা: =, <, >, #,<নয়,>নয়।

ঙ) ১৮ এর গুণনীয়কসমূহ লিখ। উত্তর: ১, ২, ৩, ৬, ৯ ও ১৮।

চ) ১২ ও ১৬ এর সাধারণ গুণনীয়কগুলো কী কী? উত্তর: ১, ২ ও ৪।

ছ) ১ থেকে ২০ পর্যন্ত মৌলিক সংখ্যাগুলো লেখ। উত্তর: ২, ৩, ৫, ৭, ১১, ১৩, ১৭, ১৯।

জ) গুণনীয়ক বা উৎপাদক বলতে কী বোঝ? উত্তর: কোনো সংখ্যা যে যে সংখ্যা দ্বারা বিভাজ্য, সেগুলোই ঐ সংখ্যার গুণনীয়ক বা উৎপাদক বলে।

ঝ) ২০টি ০.১ এবং ৩টি ০.৪ মিলে কত হয়? উত্তর: ৩.২।

ঞ) সংখ্যার ভিত্তি কত? উত্তর: দশ।

ট) ৬.১২৩ × ১০ = কত? উত্তর: ৬১.২৩।

ঠ) ০.৭৯ কে ১০০ দ্বারা ভাগ করলে কত হবে? উত্তর: ০.০০৭৯।

ড) দুইটি সংখ্যার বিপরীত সম্পর্ক নির্দেশ করার জন্য কোন সম্পর্ক প্রতীক ব্যবহার করা হয়? উত্তর: বিপরীত।

ঢ) গাণিতিক বাক্যকে কী বলা হয়? উত্তর: বদ্ধ বাক্য।

**যোগ্যতাভিত্তিক সমস্যা:-**

**২।** ( ৫৪০+ ক ) - ১২৭= (৫৪০-১২৭) + খ

ক. ক এর মান ১২০ হলে বামপক্ষ এর মান কত? খ. খ এর মান ৫০ হলে ডানপক্ষ = কত?

গ. দেখাও যে, ক ও খ এর প্রতিটির মান ১২০ হলে বামপক্ষ = ডানপক্ষ।

সমাধান:- ক্যাপটেন গাইডের ৮৬ পৃ ৬নং

**৩।** দুইটি ঘন্টার মধ্যে ক ঘন্টাটি প্রতি ১২ মিনিট অন্তর এবং খ ঘন্টাটি প্রতি ১৮ মিনিট অন্তর বাজে।

ক. ১৮ এর গুণনীয়কগুলো লেখ। খ. ঘন্টা দুইটি বাজার সময়ের একই গুণনীয়কগুলো কত?

গ. ঘন্টা দুইটি দুপুর ১২ টায় একত্রে বাজলে, পুনরায় কখন একত্রে বাজবে?

সমাধান :-ক্যাপটেন গাইডের ১০২ পৃ ৩নং

**৪।** দুইটি ভগ্নাংশের লব যথাক্রমে ৫ ও ৪ এবং হর যথাক্রমে ৬ ও ৯।

ক. ভগ্নাংশ দুইটি লেখ। খ. ভগ্নাংশ দুইটিকে লঘিষ্ঠ সমহররূপে প্রকাশ কর।

গ. ভগ্নাংশ দুটির যোগফল বের কর।

সমাধান :-১২১ পৃ ৩নং।

৫। গৌতমের বাড়ি বিদ্যালয় থেকে ৮.২ কিলোমিটার (কিমি) পশ্চিমে অবস্থিত। সীমার বাড়ি বিদ্যালয় থেকে ১ কিলোমিটার (কিমি) পূর্বে অবস্থিত।

ক. গৌতমের বাড়ি থেকে সীমার বাড়ির দূরত্ব কত কিমি?

খ. বিদ্যালয় থেকে সীমার বাড়ির দূরত্ব গৌতমের বাড়ির দূরত্ব অপেক্ষা কত কিলোমিটার বেশি?

গ. গৌতমের বাড়ি থেকে সীমার বাড়ির দূরত্ব কীভাবে পড়তে হবে?

সমাধান :- ক্যাপটেন গাইডের ১৩৪ পৃ ১নং

**সমস্যা সমাধান :-**

**৬। অঙ্কে লিখি:-** (ক) পাঁচ দশমিক সাত (খ) আঠারো দশমিক তিন (গ) শূন্য দশমিক আট

সমাধান: (ক) ৫.৭ (খ)১৮.৩ (গ) ০.৮।

**কথায় লিখি:-** (ক) ১.৪ (খ) ১৭.৬ (গ) ০.৯

সমাধান: (ক) ১.৪ = এক দশমিক চার (খ) ১৭.৬ = সতেরো দশমিক ছয় (গ) ০.৯ = শূন্য দশমিক নয়

**৭। নিচের সংখ্যা গুলোর ১০ টি করে গুণিতক লিখ:-** (ক) ৩ (খ) ৪ (গ)৬ (ঘ) ৭ (ঙ) ৮ সমাধান :- ৯৮ পৃ ২নং

**৮। নিচের সংখ্যাগুলোর গুণনীয়ক লিখ:-** (ক)৯ (খ)১২ (গ)১৫ (ঘ) ১৮ (ঙ) ২৪ সমাধান:-৯৮ পৃ ৩নং

৯। আমিনা এক প্যাকেট বেলুন কিনল। সেখান থেকে ২০টি বেলুন নিজের জন্য রেখে অবশিষ্ট বেলুন ১২ জন বন্ধুকে। সমানভাবে ভাগ করে দিলে প্রত্যেকে ১০টি করে বেলুন পেল। প্যাকেটে মোট কয়টি বেলুন ছিল?

সমাধান :- ক্যাপটেন গাইডের ৮১ পৃ ৫নং

**১০। গাণিতিক প্রতীকের সাহায্যে প্রকাশ করি।**

(ক) একশ সাতাশ ও পঁচিশের বিয়োগফল একশ-এর সমান নয়। (খ) পঁচিশ ও চব্বিশের গুণফল পাঁচশ-এর চেয়ে বড়ো।

সমাধান :-৮০পৃ ১নং

**১১।** ২টি টেবিল ও ৪টি চেয়ারের মূল্য একত্রে ৮২০০ টাকা। একটি চেয়ারের মূল্য ৮০০ টাকা হলে, একটি টেবিলের মূল্য কত?

সমাধান :-৮০ পৃ ৪নং

**১২। জ্যামিতি অংশ :-**

ক) প্রশ্ন: ত্রিভুজকে প্রধানত কয়ভাগে ভাগ করা যায় ও কী কী?

উত্তর: ত্রিভুজকে প্রধানত দুভাগে ভাগ করা যায়। যথা:(১) বাহুভেদে ত্রিভুজ ও (২) কোণভেদে ত্রিভুজ।

খ) প্রশ্ন: বাহুভেদে ত্রিভুজ কতো প্রকার ও কী কী? উত্তর: বাহুভেদে ত্রিভুজ তিন প্রকার। যথা:
(i) সমবাহু ত্রিভুজ (Equilateral Triangle) (ii) সমদ্বিবাহু ত্রিভুজ (Isosceles Triangle) |
(iii) বিষমবাহু ত্রিভুজ (Scalene Triangle)

গ) প্রশ্ন:- কোণভেদে ত্রিভুজ কত প্রকার ও কী কী?উত্তর: কোণভেদে ত্রিভুজ তিন প্রকার। যথা:
i) সমকোণী ত্রিভুজ। ii)সূক্ষ্মকোণী ত্রিভুজ। iii) স্থূলকোণী ত্রিভুজ।

ঘ) প্রশ্ন: ত্রিভুজের ভূমি কাকে বলে? উত্তর :- যে বাহুর উপর ত্রিভুজটি অঙ্কিত হয়, তাকে ত্রিভুজের ভূমি বলে।

ঙ) প্রশ্ন: মধ্যমা কাকে বলে? উত্তর: ত্রিভুজের যেকোনো কৌণিক বিন্দু বা শীর্ষবিন্দু হতে বিপরীত বাহুর মধ্যবিন্দু পর্যন্ত অঙ্কিত সরলরেখাকে, ত্রিভুজের মধ্যমা

# বিষয়:- ইসলাম ধর্ম

**১। সঠিক উত্তরে টিক চিহ্ন (✓□) দাও:**

(ক) ইসলামে অন্য ধর্মাবলম্বীদের সঙ্গে কেমন আচরণ করতে বলা হয়েছে?
i) অসহযোগিতাপূর্ণ ii) সহানুভূতিশীল iii) অবহেলাপূর্ণ iv) শত্রুভাবাপন্ন

(খ) 'ধর্মের ব্যাপারে কোন জবরদস্তি নেই'-এটি কোন সূরায় আছে?
i) সূরা বাকারা ii)সূরা কাফিরুন iii) সূরা ফাতিহা iv)সূরা নাস

(গ) ইসলামের আদর্শ অনুসারে একজন মুসলমান কীভাবে অন্য ধর্মাবলম্বীদের সঙ্গে সহাবস্থান করবে?
i) সহানুভূতিশীল আচরণ করে ii) বিতর্ক ও মতবিরোধ সৃষ্টি করে
iii) তাকে অবহেলা করে iv) নিজের ধর্মকে জোর করে চাপিয়ে দিয়ে

(ঘ) অমুসলিম প্রতিবেশীর উপাসনার প্রতি আমরা-
i)অসহিষ্ণু হব ii)দায়িত্বহীন হব iii)বিদ্বেষী হব iv)সহনশীল হব

(ঙ) ইসলামের শিক্ষা অনুযায়ী অন্য ধর্মাবলম্বীদের সঙ্গে শান্তিপূর্ণ সহাবস্থানে তোমার আচরণ কী হওয়া উচিত?
i)ভিন্নমতের প্রতি অসহিষ্ণু হওয়া ii)দয়াপূর্ণ ও সম্মানজনক আচরণ করা
iii)নিজ ধর্ম প্রচারে জোর দেওয়া iv)সকল সম্পর্ক এড়িয়ে চলা

(চ) যদি কোন মুসলমান শস্য উৎপাদন করে এবং তা মানুষ ও পশু-পাখি খায়, সেটা কী হিসেবে গণ্য হয়?
i)সদকা ii)ব্যবসা iii)প্রতিদান iv)পুরস্কার

(ছ) জীববৈচিত্র্য পৃথিবীর জন্য কেন গুরুত্বপূর্ণ?
i)খাদ্যের অভাব ঘটায় (ii)পরিবেশের ভারসাম্য রক্ষা করে (iii) মানুষকে অলস করে ( iv)জীবন ধ্বংস করে

(জ) কোন কাজের মাধ্যমে মহান আল্লাহর সৃষ্টিজগতের প্রতি ভালোবাসা প্রদর্শন করা যায়?
i) বন উজাড় করে (ii)ক্ষতিকর প্রাণী মেরে ফেলে (iii)যত্রতত্র ময়লা আবর্জনা ফেলে (iv)চারপাশ পরিষ্কার ও দূষণমুক্ত রেখে

(ঝ) মহান আল্লাহর প্রতিনিধি হিসেবে কীভাবে আমরা দায়িত্ব পালন করব?
i)পৃথিবীতে কর্তৃত্ব করে (ii) শাসন করে (iii) সম্পদ অর্জন করে (iv)জীবের প্রতি দয়া প্রদর্শন করে

(ঞ) মহান আল্লাহর অনুগ্রহের জন্য আমরা কীভাবে তার কৃতজ্ঞতা প্রকাশ করব?

i) তার সৃষ্টিকে উপকারের জন্য ব্যবহার করে ii) তার সৃষ্টিকে পরিচর্যা করে iii)তার বিধি-বিধান মান্য করে iv) সৃষ্টিজগতের প্রতি দয়া প্রদর্শন করে

ট) ধর্মের ব্যাপারে কোনো জবরদস্তি নাই-একথা কে বলেছেন? i)আল্লাহ ii)সাহাবিগণ iii)বাবা-মা iv)শিক্ষক

ঠ) মহানবি (স.) কাদের সঙ্গে হুদায়বিয়ার সন্ধি করেছিলেন? i)মদিনাবাসী ii)কুরাইশ গোত্র iii)মুসলিম বাহিনী iv) ইহুদি

ড) মুসলমান ও কুরাইশ গোত্রের মধ্যে শান্তিপূর্ণ স্থাপিত হয় কীসের মাধ্যমে?

i)মদিনা সনদ ii)হুদায়বিয়ার সন্ধি iii)বাণিজ্য চুক্তি iv)মক্কা বিজয়

ঢ)একবার নাজরান নামক স্থানে মহানবি (স.)-এর সাথে কারা দেখা করতে এসেছিলেন?

i)মুসলিম প্রতিনিধিরা ii)খ্রিষ্টান প্রতিনিধিরা iii)ইহুদি সৈন্যরা iv)কুরাইশি নেতারা

ণ) জেরুজালেম জয় করেন কোন খলিফা?

i)হজরত উমর (রা.) ii)হজরত আবু বকর (রা.) iii)হজরত উসমান (রা.) iv)হজরত আলী (রা.)

উত্তর :- ক) ii (খ)i (গ)i (ঘ)iv (ঙ)ii (চ)i (ছ) ii (জ)iv (ঝ)iv (ঞ)iii.ট)i ঠ)ii ড) ii ঢ) ii ণ)i.

**২। বামপাশের সাথে ডানপাশ মিল কর:-**

| বামপাশ | ডানপাশ |
|---|---|
| ক) ইসলামের প্রথম খলিফা ছিলেন | ক) উদারতা প্রর্দশন করেছেন |
| খ) বাংলাদেশ একটি | খ) হযরত ওমর (রা:) |
| গ) ধর্মগ্রহণের ব্যাপারে | গ) হজরত আবু বকর(রা) |
| ঘ) জেরুজালেম জয় করেন | ঘ) সকলেই স্বাধীন |
| ঙ) মহানবি(স:)সব সময় অন্য ধর্মের লোকদের প্রতি | ঙ) ধর্মীয় সম্প্রীতি দেশ |
| চ) আমাদের চারপাশে | চ) মুসলমান ও কুরাইশদের মধ্যে |
| ছ) ভিন্ন ধর্মের মানুষের | ছ) বিভিন্ন ধর্মের লোক বাস করে |
| জ) হুদায়বিয়ার সন্ধি চুক্তি হয়েছিল | জ) সকলের সাথে ভালো ব্যবহার করতে। |
| ঝ) নিজের ধর্ম পালন করতে | ঝ) উপাসনালয় বাধা দেওয়া যাবে না। |
| ঞ) ইসলাম নির্দেশ দেয় | ঞ) অন্য ধর্মের মানুষকে বাধ্য করা যাবে না। |

উত্তর :-(ক+ গ), (খ+ঙ), (গ+ঘ), (ঘ+ খ), ( ঙ+ক), (চ+ ছ), (ছ+ঝ), (জ+চ), (ঝ+ঞ), (ঞ+জ)

**৩। শূন্যস্থান পূরণ কর:-**

(ক) ধর্মীয় সম্প্রীতি হলো সকল ধর্মের মানুষের মাঝে----- বজায় রাখা। (খ) বাংলাদেশ একটি ধর্মীয় --------দেশ হিসেবে পরিচিত।

(গ) ইসলাম ধর্মীয় সম্প্রীতির ওপর---- দেয়। (ঘ) মহানবি (স.) অন্য ধর্মাবলম্বীদের উপাসনার প্রতিও -------ছিলেন।

(ঙ) আমরা ভিন্ন ধর্মের মানুষের কাজে --------করব। (চ) ধর্মে দীক্ষিত করার ব্যাপারে কাউকে..--------- করা যায় না।

(ছ) যে কাজগুলো মানুষের জন্য কল্যাণ বয়ে আনে সেগুলো হলো---- কাজ। (জ) পিতা-মাতা ও বড়োদের সঙ্গে----- বিনিময় করব।

(ঝ) মক্কা বিজয়ের পর মহানবি (স.) সবাইকে----- দিলেন। (ঞ) অন্যের উপকার করলে নিজেরও---- হয়।

(ট) প্রাকৃতিক সম্পদ ব্যবহারে আমরা ------হব।

উত্তর: (ক) সুসম্পর্ক; (খ) সম্প্রীতির; (গ) গুরত্ব; (ঘ) সহনশীল; (ঙ) সহযোগিতা; (চ) জোর/বাধ্য, (ছ)ভালো (জ) সালাম (ঝ)ক্ষমা (ঞ)কল্যাণ (ঝ) মিতব্যয়ী।

**৪। সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর:**

(ক) ভালো কাজ ও মন্দ কাজ বলতে কী বুঝায়? উত্তর : ভালো কাজ বলতে এমন কাজ বুঝায় যেগুলো করলে মহান আল্লাহ খুশি হন এবং যেগুলো করলে মানুষের জন্য কল্যাণ প্রতি বয়ে আনে। আর মন্দ কাজ বলতে এমন কাজ বুঝায় যেগুলো করলে মহান আল্লাহ অখুশি হন এবং যেগুলো মানুষের জন্য ক্ষতি বা অকল্যাণ বয়ে আনে।

(খ) উদারতা কী? উত্তর: উদারতা হলো এমন একটি গুণ যা মানুষকে নিঃস্বার্থভাবে অন্যের উপকার করতে উৎসাহিত করে।

(গ) কীভাবে পরোপকার করা যায়?

উত্তর : অর্থ ও শ্রম দিয়ে, জ্ঞান বিতরণ করে বা অন্য কোনো উপায়ে মানুষের কল্যাণ করার মাধ্যমে পরোপকার করা যায়।

(ঘ) হিজরতের সময় মক্কার দিকে তাকিয়ে মহানবি (স.) কী বলেছিলেন? উত্তর : মহানবি (স.) বলেছিলেন, "হে মক্কা, তুমি কতইনা সুন্দর! আমি তোমাকে অনেক ভালোবাসি। আমার আপন জাতি যদি আমাকে বিতাড়িত না করত, আমি কখনোই তোমাকে ছেড়ে যেতাম না।"

(ঙ) দেশপ্রেমমূলক দুটি কাজের উদাহরণ দাও। উত্তর: দেশপ্রেমমূলক দুটি কাজ হলো-

(i) অপ্রয়োজনে বৈদ্যুতিক বাতি, পাখা ইত্যাদি চালু না রাখা। (ii) গোসল ও ধোয়া-মুছার পর পানির কল বন্ধ রাখা।

চ) ধর্মীয় সম্প্রীতি বলতে কী বুঝায়? উত্তর : ধর্মীয় সম্প্রীতি হলো সমাজের সকল ধর্মের মানুষের মাঝে সুসম্পর্ক বজায় থাকা। এর মাধ্যমে বিভিন্ন ধর্মের মানুষের মধ্যে শান্তিপূর্ণ সহাবস্থান নিশ্চিত হয়।

(ছ) ভিন্ন ধর্মাবলম্বীদের প্রতি সহনশীল আচরণ করা কেন প্রয়োজন? উত্তর: সকল ধর্মের মানুষের মধ্যে সুসম্পর্ক বজায় রাখা এবং

শান্তিপূর্ণ সহাবস্থান নিশ্চিত করার জন্য ভিন্ন ধর্মাবলম্বীদের প্রতি সহনশীল আচরণ করা প্রয়োজন।

(জ) মহানবি (স.) মদিনা সনদ কেন প্রণয়ন করেন? উত্তর: মহানবি (স.) মদিনার সকল মানুষের মধ্যে শান্তিপূর্ণ ও সহযোগিতা মূলক সুসম্পর্ক প্রতিষ্ঠার উদ্যোগ নেন। তাই মুসলমানসহ অন্যান্য ধর্মের লোকদের কল্যাণ নিশ্চিত করার লক্ষ্যে তিনি মদিনা সনদ প্রণয়ন করেন।

ঝ) ভিন্নধর্মের মানুষের সাথে সংঘাত এড়াতে চাইলে কী করতে হবে?

উত্তর: ভিন্ন ধর্মের মানুষের সাথে সংঘাত এড়াতে চাইলে ধর্মীয় সম্প্রীতি বজায় রাখতে হবে।

ঞ)মদিনা সনদ প্রণয়নের ফলে কী হয়েছে?

উত্তর: মদিনা সনদ প্রণয়নের ফলে মদিনায় সকল ধর্মের মানুষের মধ্যে শান্তি প্রতিষ্ঠিত হয়েছে।

ট) বাংলাদেশকে ধর্মীয় সম্প্রীতির দেশ বলা হয় কেন?

উত্তর: বাংলাদেশে ইসলাম, হিন্দু, বৌদ্ধ ও খ্রিষ্ট ধর্মের মানুষ মিলেমিশে বাস করে। তাই বাংলাদেশকে ধর্মীয় সম্প্রীতির দেশ বলা হয়।

ঠ) আমাদের দেশের ঐতিহ্যে উদ্বুদ্ধ হয়ে আমরা কী করব?

উত্তর: আমাদের দেশের ঐতিহ্যে উদ্বুদ্ধ হয়ে আমরা ভিন্ন ধর্মের মানুষের সঙ্গে সম্প্রীতি বজায় রাখব। সবাই মিলে মিশে থাকব।

**৫। বর্ণনামূলক প্রশ্নের উত্তর দাও:-**

ক) ইসলামের দ্বিতীয় খলিফা কে ছিলেন? তিনি জেরুজালেম জয় করে কী ঘোষণা করেন? উত্তর :- ক্যাপটেন গা:১৮৭ পৃ ৭নং

খ) ধর্মীয় সম্প্রীতীর গুরুত্ব বর্ণনা কর। উত্তর :- ক্যাপটেন গাইডের ১৮১ পৃ ঘনং

গ) ভিন্ন ধর্মাবলম্বীদের সঙ্গে উত্তম আচরণের উপায়সমূহ লেখ। উত্তর :- ক্যাপটেন গা: ১৮১ পৃ খনং

ঘ) মহানবী (স:) ও তাঁর সাহাবিগণের দৃষ্টান্ত অবলম্বনে ভিন্ন ধর্মের মানুষের প্রতি আমাদের কতব্য কী বর্ণনা কর।
উত্তর :- ক্যাপটেন গাইডের ১৮৭ পৃ ৮নং

ঙ) নবী ও সাহাবিগণের দৃষ্টান্ত অবলম্বনে উদারতা সম্পর্কে বর্ণনা কর। উত্তর :-ক্যাপটেন গা:১৭১ পৃ খ নং

চ) উদাহারণসহ ভালো ও মন্দ কাজের পরিচয় দাও। উত্তর :- ক্যাপটেন গা ১৭১ পৃ কনং

ছ) ইসলামের আলোকে দেশপ্রেমে উদ্ধুদ্ধ হওয়া গুরুত্বপূর্ণ কেন তার বর্ণনা দাও। উত্তর :- ক্যাপটেন গা:১৭২ পৃ ঙনং

# বিষয় : হিন্দু ধর্ম

**১। সঠিক উত্তরটি খাতায় লিখ:**

| | | | | |
|---|---|---|---|---|
| ক) হিন্দুধর্মের প্রধান ধর্মগ্রন্থ- | i)বেদ | ii)রামায়ণ | iii)পুরাণ | iv)উপনিষদ |
| খ) বেদ কার বাণী? | i)দুর্গার | ii)কালীর | iii)ঈশ্বরের | iv)গণেশের |
| গ) ঋগবেদে কতটি মন্ত্র আছে? | i)১০৬৬২টি | ii)১০৭৭৩টি | iii)১০৫৫২টি | iv)১০৮৮২টি |
| ঘ) ব্রহ্ম কী? | i)সত্য | ii)রাজা | iii)কাল্পনিক | iv)কিংবদন্তি |
| ঙ) নিচের কোনটি উপনিষদ? | i)পুরাণ | ii)বেদ | iii)মুন্ডক | iv)সংহিতা |
| চ) দেব-দেবী ঈশ্বরের কেমন রূপ? | i)নিরাকার | ii)চৈতন্য | iii)সাকার | iv)চিন্ময় |
| ছ) শ্বেতপদ্ম ব্রহ্মার কোন হাতে থাকে? | i)দ্বিতীয় হাতে | ii)প্রথম হাতে | iii)তৃতীয় হাতে | iv)চতুর্থ হাতে |
| জ) পূজা অর্থ কী? | i)আরাধনা করা | ii)নিন্দা করা | iii)সম্মান করা | iv)অসম্মান করা |
| ঝ) শুচিতার মাধ্যমে শরীর ও মন- | i)সুন্দর হয় | ii)পবিত্র হয় | iii)অসুন্দর হয় | iv)অপবিত্র হয় |
| ঞ) বাংলাদেশের জাতীয় মন্দিরের নাম কী? | i)কান্তজিউ মন্দির | ii)ঢাকেশ্বরী মন্দির | iii)রমনা কালী মন্দির | iv)শিব মন্দির |
| ট) ঢাকেশ্বরী মন্দির কে প্রতিষ্ঠা করেন? | i)রাজা বল্লাল সেন | ii)সম্রাট অশোক | iii)রাজা বিক্রমাদিত্য | iv)রাজা সমুদ্রগুপ্ত |
| ঠ) লাঙ্গলবন্দ অবস্থিত- | i)বাংলাদেশে | ii)ভারতে | iii)নেপালে | iv)শ্রীলঙ্কায় |
| ড) শিবের এক নাম- | i)চন্দ্রনাথ | ii)মাধব | iii)জগন্নাথ | iv)নারায়ণ |

উত্তর :ক) i (খ)iii (গ)iii (ঘ)i (ঙ)iii (চ) iii (ছ) iii (জ) i (ঝ) ii (ঞ)ii (ট)i (ঠ)i (ড) i

**২। শূন্যস্থান পূরণ কর:-**

ক) যুজ্ ধাতু থেকে----- শব্দের উৎপত্তি।
খ) যোগের একটি অঙ্গ ----।
গ) আসন অর্থ---- হয়ে বসা।
ঘ) পদ্মাসন দেখতে----- মতো।
ঙ) নিয়মিত শবাসন করলে শরীরের----- দূর হয়।
চ) মন্দির হলো-----।
ছ) ঢাকেশ্বরী শব্দের অর্থ ঢাকার-------।
জ) তীর্থক্ষেত্রে গেলে মন----- হয়।
ঝ) জগৎকে -----করে নিতে শেখো।
ঞ) মাঘীপূর্ণিমাও---- একটি গুরুত্বপূর্ণ ধর্মীয় উৎসব।
ট) মানবতাই ধর্মের -----বাণী।
ঠ) 'যত মত,-----।
ড) হিন্দুধর্ম ----ধর্ম।
ঢ) বেদ শব্দের অর্থ----।
ণ) আমি অগ্নির---- করি।

উত্তর: (ক) যোগ, (খ) আসন, (গ) স্থির, (ঘ) পদ্মের, (ঙ) ক্লান্তি (চ)দেবালয় (ছ) ঈশ্বরী (জ) পবিত্র (ঝ) আপন(ঞ)বৌদ্ধ ধর্মের (ট) শ্বাশত(ঠ)তত পথ (ড) প্রাচীনতম(ঢ) জ্ঞান (ণ)স্তুতি।

**৩। বাম পাশের সাথে ডান পাশের মিল কর:-**

| বাম পাশ | ডানপাশ |
|---|---|
| ক) দেবতাদের স্মৃতি ও প্রার্থনামূলক মন্ত্র রয়েছে | ক) যজুর্বেদে। |
| খ)) যজ্ঞের মন্ত্র আছে | খ) গান। |
| গ) সাম অর্থ | গ) অথর্ববেদে। |
| ঘ) তেষজবিদ্যা সম্পর্কে আলোচনা করা হয়েছে | ঘ) ঋগবেদে। |
| ঙ) দেব-দেবী ঈশ্বরের | ঙ) পবিত্রতা। |
| চ) লাল ফুল ব্রহ্মার | চ) সন্তুষ্ট হন। |
| ছ) পবিত্র চিত্তে পূজা করলে দেব-দেবী | ছ) দেবী |
| জ) শুচিতা মানে নির্মলতা বা | জ) সাকার রূপ। |
| ঝ) বিষ্ণুপূজার নির্দিষ্ট কোনো | ঝ) তিথি নেই। |
| | ঞ) প্রিয়। |

উত্তর :-(ক+ঘ), (খ+ক), (গ+খ), (ঘ+গ), (ঙ+ জ ), (চ+ ঞ), (ছ+চ ), (জ+ ঙ), (ঝ+ঝ ) ।

**৪। সংক্ষেপে প্রশ্নের উত্তর দাও :-**

ক) বেদ কাকে বলে? কত প্রকার ও কী কী? উত্তর: বেদ হিন্দুধর্মের প্রাচীন ধর্মগ্রন্থ। বেদ শব্দের অর্থ জ্ঞান। যে জ্ঞানরাশি অবগত হলে মানুষের চতুর্বর্গ (ধর্ম, অর্থ, কাম ও মোক্ষ) লাভ ঘটে, তাই বেদ। বেদ চার প্রকার। যথা- ঋগ্বেদ, সামবেদ, যজুর্বেদ ও অথর্ববেদ।

খ) যজুর্বেদ কাকে বলে? উত্তর: যজ্ঞের সময় যে মন্ত্র উচ্চারণ করা হয় তাকে যজুর্বেদ বলে। যজুর্বেদে গদ্য ও পদ্য উভয় শ্রেণির মন্ত্র রয়েছে। যজুর্বেদের দুটি শাখা শুক্লযজুর্বেদ ও কৃষ্ণযজুর্বেদ।

গ) দেব-দেবী কাকে বলে? উত্তর: ঈশ্বর যখন নিজের গুণ বিভিন্ন রূপে প্রকাশ করেন, তখন তাকে দেব-দেবী বলে। দেব-দেবী ঈশ্বরের সাকার রূপ। দেব-দেবীর মধ্য দিয়েই ঈশ্বরের শক্তির প্রকাশ ঘটে।

ঘ) কখন ব্রহ্মার পূজা করা হয়? উত্তর: ব্রহ্মা সৃষ্টির দেবতা। এই বিশ্ব ব্রহ্মাণ্ডে যা কিছু বিদ্যমান সবকিছুই তিনি সৃষ্টি করেছেন। ব্রহ্মাপূজা সাধারণত প্রতিদিন করা হয় না। তিথি-নক্ষত্র অনুসারে করা হয়।

ঙ) পূজা কাকে বলে? উত্তর: পূজা অর্থ আরাধনা বা উপাসনা। ভক্তি ও শ্রদ্ধা ভরে বিভিন্ন দেব-দেবীকে ফুল-ফল ও নানা উপকরণ দিয়ে স্তব-স্তুতি করা। পূজায় দেব-দেবীর শ্রদ্ধা বা প্রশংসা করার জন্য ফুল, তুলসীপাতা, বেলপাতা ইত্যাদি উপকরণ দেওয়া হয়।

চ) পাঁচটি আসনের নাম লেখ। উত্তর: যোগের একটি অঙ্গ আসন। আসন অর্থ স্থির হয়ে বসা। আসন অনেক প্রকার। পাঁচটি আসনের নাম হলো- পদ্মাসন, শবাসন, সিদ্ধাসন, সবাঙ্গাসন, গোমুখাসন।

ছ) পদ্মাসন বলতে কী বোঝায়? উত্তর: যে আসন অনুশীলনের সময় দেখতে অনেকটা পদ্মের মতো দেখায় তাকে পদ্মাসন বলে। নারী ও পুরুষ উভয়ই এ আসন করতে পারেন।

জ) কীভাবে সম্প্রীতি প্রতিষ্ঠিত হয়? উত্তর: পৃথিবীতে অনেক মত, অনেক পথ আছে। ধর্মপালনের ক্ষেত্রেও নানা মত ও পথের সৃষ্টি হয়েছে। সকল মত ও পথকে, সকল ধর্মকে শ্রদ্ধা জানানোর মধ্য দিয়ে প্রতিষ্ঠিত হয় সম্প্রীতি।

ঝ) সারদা দেবীর একটি বাণী লেখ। উত্তর: সারদা দেবী বলেছেন, "যদি শান্তি চাও, কারও দোষ দেখো না। দোষ দেখবে নিজের। জগৎকে আপন করে নিতে শেখো। কেউ পর নয়, জগৎ তোমার।”

ঞ) মন্দিরে কী করা হয়? উত্তর : মন্দির হলো দেবালয়। মন্দিরে দেব-দেবীর প্রতিমা থাকে। মন্দিরে দেব-দেবীর আরাধনা করা হয়। প্রতিদিন মন্দিরে দেব-দেবীর পূজা-অর্চনা করা হয়।

**৫। বর্ণনামূলক প্রশ্নের উত্তর দাও:-**

ক) ধর্মগ্রন্থ কাকে বলে? তোমার জানা কয়েকটি হিন্দুধর্ম গ্রন্থের নাম লেখ। উত্তর :- ক্যাপটেন গা:২৫৮ পৃ ১নং

খ) ব্রহ্ম সম্পর্কে ৫টি বাক্য লিখ। উত্তর :ক্যাপটেন গা: ২৫৮ পৃ ৪নং

গ) বিষ্ণুর মন্ত্রটি সরলার্থসহ লিখ। উত্তর :-২৬২ পৃ ৫নং

ঘ) যোগ বলতে কী বোঝায়?যোগের কয়টি অঙ্গ ও কী কী? উত্তর :-ক্যাপটেন গা: ২৬৬ পৃ ১নং

ঙ) মন্দির বলতে কী বুঝ? কয়েকটি মন্দিরের নাম লিখ। উত্তর :-ক্যাপটেন গা:২৭০ পৃ ১নং

চ) একটি বিখ্যাত তীর্থক্ষেত্রের বর্ণনা কর। উত্তর : ক্যাপটেন গা:২৭০ পৃ ৩নং

ছ) সম্প্রীতি সম্পর্কে হিন্দুধর্মের তিনজন মহামানবের বাণী লেখ। উত্তর :- ক্যাপটেন গা:২৭৫ পৃ ৪নং

# বিষয় ঃ- সাধারণ জ্ঞান

**প্রশ্নের উত্তর দাও:**

১. পৃথিবী কী? উত্তরঃ পৃথিবী সৌরজগতের একটি গ্রহ।
২. পৃথিবী কিসের তৈরি? উত্তরঃ শিলার তৈরি।
৩. পৃথিবী আকার কেমন? উত্তরঃ গোলাকার, তবে উত্তর-দক্ষিণে কিছুটা চ্যাপ্টা।
৪. পৃথিবীর বয়স কত? উত্তরঃ প্রায় ৪৫৪ কোটি বছর।
৫. পৃথিবীর ব্যাস কত? উত্তরঃ ১২,৭৫৬ কিলোমিটার।
৬.পৃথিবীর মোট আয়তন কত? উত্তরঃ ৫১ কোটি ১০ লক্ষ বর্গ কিলোমিটার।
৭.পৃথিবীতে কয়টি মহাসাগর আছে? উত্তরঃ ৫টি (প্রশান্ত মহাসাগর, আটলান্টিক মহাসাগর, ভারত মহাসাগর, অ্যান্টার্কটিক মহাসাগর ও আর্কটিক মহাসাগর)।
৮ পৃথিবী বৃহত্তম মহাসাগর কোনটি? উত্তরঃ প্রশান্ত মহাসাগর।
৯. পৃথিবীর ক্ষুদ্রতম মহাসাগর কোনটি? উত্তরঃ আর্কটিক মহাসাগর।
১০. পৃথিবীর গভীরতম মহাসাগর কোনটি? উত্তরঃ প্রশান্ত মহাসাগর।
১১. সূর্য কোথায় অবস্থিত? উত্তরঃ মহাকাশে আমাদের সৌরজগতের কেন্দ্রবিন্দুতে অবস্থিত।
১২. সূর্য কিসের তৈরি? উত্তরঃ গ্যাসের তৈরি।
১৩.সূর্যের মধ্যে প্রধানত কী কী গ্যাস আছে? উত্তরঃ হাইড্রোজেন ও হিলিয়াম।
১৪.সূর্যের বয়স কত? উত্তরঃ প্রায় ৪৬০ কোটি বছর।
১৫.সূর্যের ব্যাস কত? উত্তরঃ প্রায় ১৪ লক্ষ কিলোমিটার।
১৬. বাংলাদেশের সাংবিধানে শিক্ষা কী হিসেবে স্বীকৃত ? উত্তরঃ মৌলিক অধিকার হিসেবে।
১৭.বাংলাদেশে বর্তমানে সাক্ষরতার হার কত? উত্তরঃ ৭৩.৯১ শতাংশ।
১৮.বাংলাদেশে পুরুষের সাক্ষরতার হার কত? উত্তরঃ ৭৫.৭%।
১৯.বাংলাদেশের নারীদের সাক্ষরতার হার কত? উত্তরঃ ৭০.৯%।
২০.বাংলাদেশের সর্বাধিক শিক্ষিত জেলা কোনটি? উত্তরঃ ঝালকাঠি।
২১.বাংলাদেশের স্বাধীনতা দিবস কবে? উত্তরঃ ২৬ মার্চ।
২২.বাংলাদেশের বিজয় দিবস কবে? উত্তরঃ ১৬ ডিসেম্বর।
২৩.শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস কবে? উত্তরঃ ২১ ফেব্রুয়ারি।
২৪.শহিদ বুদ্ধিজীবি দিবস কবে? উত্তরঃ ১৪ ডিসেম্বর।
২৫.অলিম্পিক গেইম শুরু হয় কখন? উত্তরঃ খ্রিষ্টপূর্ব ৭৭৬ অব্দে।
২৬. আধুনিক অলিম্পিক গেইমস শুরু হয় কত সালে? উত্তরঃ ১৮৯৬ সালে।
২৭.আধুনিক অলিম্পিক গেইমসের জনক কে? উত্তরঃ ব্যারন পিয়ারে ডি কুবার্তা (ফ্রান্স)।
২৮. অলিম্পিক গেইমস কয় ভাগে বিভক্ত? উত্তরঃ ২ ভাগে (গ্রীষ্মকালীন ও শীতকালীন)।
২৯.আধুনিক ফুটবলের জন্ম হয় কোন দেশে? উত্তর:-ইংল্যান্ডে।
৩০.উড়োজাহাজ উদ্ভাবন করেন কে? উত্তরঃ উইলবার রাইট ও অলিভার রাইট (যুক্তরাষ্ট্র)।
৩১.কম্পিউটার উদ্ভাবন করেন কে? উত্তরঃ চালর্স ব্যাবেজ (ইংল্যান্ড)।
৩২.হেলিকপ্টার উদ্ভাবন করেন কে? উত্তরঃ ইগর সিকরস্কি (যুক্তরাষ্ট্র)।
৩৩.সিনেমা প্রজেক্টর উদ্ভাবন করেন কে? উত্তরঃ থমাস আলভা এডিসন (যুক্তরাষ্ট্র)।
৩৪. সাইকেল উদ্ভাবন করেন কে? উত্তরঃ কার্ল ভন ড্রেইজ (জার্মানি)।
৩৫. মোটর সাইকেল উদ্ভাবন করেন কে? উত্তর:-জি. ডেমলার (জার্মানি)।
৩৬. বৈদ্যুতিক বাল্ব উদ্ভাবন করেন কে? উত্তর :-থমাস আলভা এডিসন (যুক্তরাষ্ট্র)।